অত্যেতি অতিক্রমেতি তৎসর্ব্বমিদং পূর্ব্বোক্তসপ্তপ্রশ্ননিরূপণদ্বারেণোক্তং বিদিত্বা সম্যগনুষ্ঠানপর্য্যন্তমবধার্য্যানুষ্ঠায় চ যোগী ধ্যাননিষ্ঠঃ ন কেবলং তদতিক্রমেতি পরং সর্ব্বোৎকৃষ্টমৈশ্বরং স্থানমাদ্যং সর্ব্বকারণমুপৈতি চ প্রতিপদ্যতে সর্ব্বকারণং ব্রহ্মৈব প্রাপ্নোতীত্যর্থঃ তদনেনাধ্যায়েন ধ্যেয়ত্বেন তৎপদার্থো ব্যখ্যাতঃ ॥ ২৮ ॥

ইতি শ্রীপরমহংসপরিব্রাজকাচার্য্য শ্রীমধুসূদন সরস্বতীরচিত শ্রীভগবদ্গীতা গূঢ়ার্থদীপিকা অষ্টমোঽধ্যায়ঃ।

যে সমস্ত পুণ্যফল নির্দ্দিষ্ট আছে যোগীব্যক্তিগণ অর্থাৎ জ্ঞানীরা সেই সকল ফল অতিক্রম করেন অর্থাৎ তদপেক্ষা শ্রেষ্ঠ ফল লাভ করিয়া থাকেন। ফলতঃ সেই সমস্ত ফল হইতে শ্রেষ্ঠ যে যোগরূপ ঐশ্বর্য্য তাহাই তাঁহারা প্রাপ্ত হয়েন। এবং সেই সমস্ত যোগী জ্ঞানী হইয়া বিশ্বের মুল কারণ ও ব্রহ্মার দুর্লভ যে বিষ্ণুপদ তাহাও লাভ করিয়া থাকেন। ২৮।

ইতি শ্রীবেদব্যাসের কৃত শত সহস্র (লক্ষ) শ্লোক সংহিতা মহাভারতের অন্তর্গত ভীষ্ম পর্ব্বের মধ্য স্থিত সাক্ষাৎ ব্রহ্মবিদ্যা প্রকাশক উপনিষৎ স্বরূপ ভগবগীতা নামক শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদীয় যোগশাস্ত্রের তারকব্রহ্ম যোগ নামক অষ্টম অধ্যায়ের সাধুভাষার্থ সম্পুর্ন।

সম্পূর্ণঃ অষ্টমোঽধ্যায়ঃ।

নবমোঽধ্যায়ঃ।

শ্রীভগবানুবাচ। ইদন্তু তে গুহ্যতমং প্রবক্ষ্যাম্যনসূয়বে।
জ্ঞানং বিজ্ঞানসহিতং যজ্‌জ্ঞাত্বা মোক্ষসেঽশুভাৎ॥ ১॥

রামানুজ ভষ্য।

ইদমিতি। উপাসকভেদনিবন্ধনবিশেষাঃ প্রতিপাদিতাঃ ইদানীমুপাস্য পরমপুরুষস্য মাহাত্ম্যং জ্ঞানিনাঞ্চ বিশেষং বিশোধ্য ভক্তিরূপস্যোপাসনস্য রূপমুচ্যতে। ইদন্তু তে গুহ্যতমং ভক্তিরূপমুপাসনাখ্যাং জ্ঞানং বিজ্ঞানসহিতং। উপাসনগতবিশেষজ্ঞানসহিতমনসূপবেতে প্রবক্ষ্যামি মদ্বিষয়ং সকলেতরবিষজাতীয় অপরিমিতপ্রকারমাহাত্ম্যং শ্রুত্যৈবমেব সংভবস্তীতি মন্বানায়তে প্রবক্ষ্যামীত্যর্থঃ। যন্তাবং বক্ষ্যমাণমনুষ্যানপর্য্যেতং জ্ঞাত্বা মৎ প্রাপ্তিবিরোধিনঃ সর্ব্বস্মাদশুভাম্মোক্ষ্যরে। ১।

স্বামিকৃত টীকা।

পরেশঃ প্রাপ্যতে শুদ্ধভক্ত্যেতি স্থিতমষ্টমে। নবমে তু তদৈশ্বর্য্যমত্যাশ্চর্য্যং প্রপঞ্চ্যতে। এবং তাবৎ সপ্তমাষ্টমযোঃ স্বীযপরমেশ্বরতত্ত্বং ভক্ত্যৈব সুলভং নান্যথেত্যুক্তমিদানীমচিন্ত্যং স্বকীয়মৈশ্বর্য্যং ভক্তেশ্চাসাধারণং প্রভাবং প্রপঞ্চয়িষ্যন্ শ্রীভগবানুবাচ ইদমিতি। বিশেষেণ জ্ঞাযতে অনেনেতি বিজ্ঞানমুপাসনং তৎসহিতং জ্ঞানমীশ্বরবিষযমিদং তু তেঽনসূয়বে পুনঃপুনঃ স্বমাহাত্ম্যমেবোপদিশতীত্যেবং পরমকারুণিকে ময়ি দোষদৃষ্টির হিতায তুভ্যং বক্ষ্যামি, তুশব্দোবৈশিষ্ট্যে। তদেবাহ গুহ্যতমমিত্যাদিনা। গুহ্যং ধর্ম্মজ্ঞানং ততোদেহাদিব্যতিরিক্তাত্মজ্ঞানং গুহ্যতরং ততোঽপি পরমাত্মজ্ঞানমতিরহস্যত্বাদগুহ্যতমং যজ্‌জ্ঞাত্বাঽশুভাৎসংসারবন্ধাম্মোক্ষ্যসে সদ্যএব মুক্তোভবিষ্যসি। ১।

মধুসূদন সরস্বতিকৃত টীকা।

পূর্ব্বাধ্যায়ে মূর্দ্ধন্যনাড়ীদ্বারকেণ হৃদয়কণ্ঠভ্রূমধ্যাদিধারণাসহিতেন সর্ব্বেন্দ্রিয়দ্বারসংযমগুণকেন যোগেন স্বেচ্ছয়োৎক্রান্ত প্রাণস্যার্চ্চিরাদিমার্গেণ ব্রহ্মলোকং প্রযাতস্য তত্র সম্যগ্‌জ্ঞানোদয়েন কল্পান্তে পরংব্রহ্ম প্রাপ্তিলক্ষণাক্রমমুক্তির্ব্ব্যাখ্যাতা তত্র চ অনেনৈব প্রকারেণ মুক্তির্লভ্যতে নান্যথেত্যাশঙ্ক্য অনন্যচেতাঃ সততং যোমাং স্মরতি নিত্যশঃ তস্যাহং সুলভঃ পার্থ ইত্যাদিনা ভগবত্তত্ত্ববিজ্ঞানাৎ সাক্ষান্মোক্ষপ্রাপ্তিরভিহিতা তত্র চানন্যাভক্তিরসাধারণো হেতুরিত্যুক্তং পুরুষঃ সপরঃ পার্থভক্ত্যালভ্যস্ত্বনন্যয়া ইতি তত্র পূর্ব্বোক্তযোগধারণাপূর্ব্বক

ভগবান দয়াময় কৃষ্ণ কহিতেছেন হে কৌন্তেয় অর্জ্জুন! তুমি অসূয়া বিহীন অর্থাৎ দ্বেষ নিন্দা প্রভৃতি তোমাতে কিছুমাত্র নাই অতএব তোমার প্রতি সন্তুষ্ট হইয়া কহিতেছি যে তোমাকে যাহা পরিজ্ঞাত করিলে এই

রাজবিদ্যা রাজগুহ্যং পবিত্রমিদমুত্তমং।
প্রত্যক্ষাবগমং ধর্ম্ম্যং সুসুখং কর্ত্তুমব্যয়ং ॥ ২ ॥

রামানুজ ভাষ্য।

রাজবিদ্যেতি। রাজবিদ্যা বিদ্যানাং রাজা রাংগুহ্যং গুহ্যানাং রাজা রাজ্ঞাং বিধা রাজবিদ্যেতি বা রাজানো হি বিস্তীর্ণাগাধমনসঃ মহামনসামিয়ং বিদ্যেত্যর্থঃ। মহামনসরাবনোপনীমগোপতৃকুশলা ইত্যর্থঃ তেষামেব গুহ্যমিদমুত্তমং পবিত্রমব্যাপ্তিবিরোধ্যশেষ কল্মষাপহং প্রত্যক্ষাবগমং। অবগম্যত ইত্যবগমো বিষয়ঃ প্রত্যক্ষভূতোবগমো বিষগোপস্য জ্ঞানস্য তৎ

স্বামিকৃত টীকা।

কিঞ্চ রাজবিদ্যেতি। ইদং জ্ঞানং রাজবিদ্যা বিদ্যানাং রাজা রাজগুহ্যং গুহ্যানাঞ্চ রাজা বিদ্যাসু গোপ্যেসু চাতিরহসাং শ্রেষ্ঠমিত্যর্থঃ রাজদন্তাদিত্বাদুপসর্জ্জনস্যাপি পরত্বং, রাজ্ঞাং বিদ্যা রাজ্ঞাং গুহ্যমিতি বা, উত্তমং পবিত্রমিদমত্যন্তপাবনং, জ্ঞানিনাং প্রত্যক্ষাবগমঞ্চ প্রত্যক্ষঃ স্পষ্টোঽবগমোঽববোধোযস্য তৎ প্রত্যক্ষাবগমং দৃষ্টফলং

মধুসূদন সরস্বতিকৃত টীকা।

প্রাণোৎক্রমণার্চ্চিরাদিমার্গগমনকালবিলম্বাদিক্লেশমন্তরেণৈব সাক্ষান্মোক্ষপ্রাপ্তয়ে ভগবত্তত্বস্য তদুক্তেশ্চ বিস্তরেণ জ্ঞাপনায় নবমোঽধ্যায় আরভ্যতে অষ্টমেধ্যায়েধ্যেয় ব্রহ্মনিরূপণেন তধ্যাননিষ্ঠস্য পতিরুক্তা নবমে তু জ্ঞেয় ব্রহ্মনিরূপণেন জ্ঞাননিষ্ঠস্য গতিরুচ্যত ইতি সংক্ষেপঃ। তত্র বক্ষ্যমাণ জ্ঞানস্তুত্যর্থাঃ ত্রয়ঃ শ্লোকা ইদং প্রাগ্বহুধোক্তমগ্রে চ বক্ষ্যমাণ মধুনোচ্যমানং জ্ঞানং শব্দপ্রমাণকং ব্রহ্ম তত্ত্ববিষয়কং তে তুভ্যং প্রবক্ষ্যামি তু শব্দঃ পূর্ব্বাধ্যায়োক্তাধ্যানাৎ জ্ঞানস্য বৈলক্ষণ্যমাহ ইদমেব সম্যগজ্ঞানং সাক্ষান্মোক্ষপ্রাপ্তিসাধনং নতু ধ্যানং তস্য জ্ঞানানিবর্ত্তকত্বাৎ তত্ত্বস্তঃকরণশুদ্ধি দ্বাবেদমেব জ্ঞানং সম্পাদ্য ক্রমেণ মোক্ষং জনয়তীত্যুক্তং কীদৃশং জ্ঞানং গুহ্যতমং গোপনীয়তমমতিরহস্যত্বাৎ যতো বিজ্ঞানসহিতং ব্রহ্মানুভব পর্য্যন্তং ঈদৃশমতিরহস্যমপি অহং শিষ্যগুণাধিক্যাদ্বক্ষ্যামি তে তুভ্যং অনসূয়বে অসূয়াগুণেষু দোষে দৃষ্টিস্তদাবিষ্করণাদিফলা সর্ব্বদা যমাত্মৈশ্বর্য্যখ্যাপনেনাত্মানং প্রসংশতি মৎ পুরস্তাদিত্যেবং রূপা তদ্রহিতায় অনেনার্জবসংযমাবপি শিষ্যগুণৌ ব্যাখ্যাতৌ পুনঃ কীদৃশং জ্ঞানং যজ্জাত্বা প্রাপ্য মোক্ষ্যসে সদ্যএব সংসারবন্ধনাদশুভাৎ সর্ব্বদুঃখহেতোঃ ॥ ১ ॥

ঘোরতর ভয়ানক সংসার বন্ধন হইতে মুক্তি লাভ করিবে, আমি সেই গোপনীয় উপাসনা সহকৃত ঈশ্বর জ্ঞান কীর্ত্তন করিতেছি তুমি অবহিতচিত্তে তাহা শ্রবণ কর। ১।

হে অর্জ্জুন! তোমাকে অধিক আর কি বলিব, তোমাকে যে জ্ঞান কহিতেছি বিদ্যাসমূহমধ্যে এই জ্ঞানই শ্রেষ্ঠ ও রাজাদিগেরও গোপনীয় অর্থাৎ

রামানুজ ভাষ্য।

প্রত্যক্ষাবগমভক্তিরূপেণাস্নাসনেনোপস্থমান্নোহহং তদানীমেবো যোসিত্তঃ প্রত্যক্ষতামুপগতো ভবামীত্যর্থঃ। অথাপি ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতং ধর্ম্মত্বং হি শ্রেয়সসাধনত্বং স্বরূপেণৈবাত্যর্থং প্রিয়ত্বেন তদানীমেব দর্শনায়াদনতয়া চ স্বয়ং নিঃশ্রেয়সস্বরূপমিতি ইতিশয়ঃ নিঃশ্রেয়সরূপাত্যন্তিক মৎপ্রাপ্তিসাধনমিত্যর্থঃ। অতএব সুসুখং কর্ত্তুং সুসুখোপাদানমত্যর্থ প্রিয়ত্বেনোপাদেয়ং। অব্যয়মক্ষয়ং মৎ প্রাপ্তিসাধয়িত্বা স্বয়ং লক্ষ্মীয়তে এবং রূপমুপাসনং কুর্ব্বতো মৎপ্রদানে কৃতেপি ন কিঞ্চিৎ কৃতং ময়াস্যেতি মে প্রতিভাতীত্যর্থঃ। ২।

স্বামিকৃত টীকা।

ইত্যর্থঃ,ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতং বেদোক্তসর্ব্বধর্ম্মফলত্বাৎ, কর্ত্তুঞ্চ সুসুখং সুখেন কর্ত্তুং শক্যমিত্যর্থঃ, অব্যযঞ্চাক্ষযফলত্বাৎ। ২।

মধুসূদন সরস্বতিকৃত টীকা।

পুনস্তদাভিমুখ্যায় তজ্জ্ঞানং স্তৌতি রাজবিদ্যেতি রাজবিদ্যা সর্ব্বাসাং বিদ্যানাং রাজা সর্ব্ববিদ্যানাশকত্বাৎ বিদ্যান্তরস্যাবিদ্যৈকদেশবিরোধিত্বাৎ তথা রাজগুহ্যং সর্ব্বেষাং গুহ্যানাং রাজা অনেকজন্মকৃত সুকৃতসাধ্যত্বেন বহুভিরজ্ঞাতত্বাৎ রাজদন্তাদিত্বাদুপসর্জ্জনস্য পরনিপাতঃ পবিত্রমিদমুত্তমং প্রায়শ্চিত্তৈর্হি কিঞ্চিদেকমেব পাপং নিবর্ত্ত্যতে নিবৃত্তঞ্চ তৎস্বকারণে সূক্ষ্মরূপেণ তিষ্ঠত্যেব যতঃ পুনস্তৎপাপমুপচিনোতি পুরুষঃ ইদন্তু অনেকজন্মসহস্রসঞ্চিতানাং সর্ব্বেষামপি পাপানাং স্থূলসূক্ষ্মাবস্থানাং তৎকারণস্য চাজ্ঞানস্য সদ্যএবোচ্ছেদকং অতঃ সর্ব্বোত্তমং পরেণমিদমেব ন চাতীন্দ্রিয়ে ধর্ম্মইবাত্র কস্যচিৎ সন্দেহরূপতঃ ফলতশ্চ প্রত্যক্ষত্বাদিত্যাহ প্রত্যক্ষাবগমং অবগম্যতে অনেনেত্যবগমোমানং অবগম্যতে প্রাপ্যতে ইত্যবগমঃ ফলং প্রত্যক্ষমবগমোমানমস্মিন্নিতি স্বরূপতঃ সাক্ষিপ্রত্যক্ষহং প্রত্যক্ষোবগমোঽস্যেতি ফলতঃ সাক্ষিপ্রত্যক্ষত্বং ময়েদং বিদিতমতো নষ্টমিদানীমত্রমমাজ্ঞানমিতি হি সার্ব্বলৌকিকঃ সাক্ষ্যনুভবঃ এবং লোকানুভবসিদ্ধত্বেপি তজ্জ্ঞানং ধর্ম্ম্যংধর্ম্মাদনপেতং অনেকজন্মসঞ্চিত নিষ্কামধর্ম্মফলং তর্হি দুঃসম্পাদংস্যান্নেত্যাহ সুসুখং কর্ত্তুং গুরূপদর্শিত বিচারসহকৃতেন বেদান্তবাক্যেন সুখেন কর্ত্তুং শক্যং ন দেশকালাদিব্যবধানমপেক্ষ্যতে। প্রমাণবস্তুপরতন্ত্রত্বাজ্জ্ঞানস্যাএবমনায়াসসাধ্যত্বেন স্বল্পফলত্বং স্যাৎ অত্যায়াসসাধ্যানামেব কর্ম্মণাং মহাফলত্বদর্শনাদিতি নেত্যাহ অব্যয়ং এবমনায়াসসাধ্যস্যাপ্যস্য ফলতোব্যয়ো নাস্তীত্যব্যয়-

---

গোপনীয় বিদ্যার মধ্যে ইহাই অতি উৎকৃষ্ট, আর ঐ জ্ঞান অতি পবিত্র অর্থাৎ অত্যন্ত পাবন ও উহার প্রত্যক্ষ ফল অর্থাৎ জ্ঞানীসকলের প্রত্যক্ষাবগম বোধ সুলভ, আর ধর্ম্মানুগত অর্থাৎ সর্ব্বধর্ম্মের ফলস্বরূপ এবং অক্ষয়

অশ্রদ্দধানাঃ পুরুষা ধর্ম্মস্যাস্য পরন্তপ।
অপ্রাপ্য মাং নিবর্ত্তন্তে মৃত্যুসংসারবর্ত্মনি ॥ ৩ ॥

রামানুজ ভাষ্য।

অশ্রদ্দধানা ইত্যস্যোপাসনাখ্যস্য ধর্ম্মস্য নিরতিশয়মদ্বিষয়তয়া স্বয়ং নিরতিশয়প্রিয়রূপস্য পরমনিঃশ্রেয়সস্বরূপসস্বরূপমৎপ্রাপ্তিসাধনস্যাব্যয়স্যোপাদানযোগ্যদশাং প্রাপ্য অশ্রদ্দধানা বিশ্বাসপূর্ব্বকশ্রদ্ধারহিতাঃ পুরুষাঃ তে মামপ্রাপ্য মৃত্যুরূপে সংসারবর্ত্মনি নিতরাং বর্ত্তন্তে। অহোমহদিদমাশ্চর্য্যমিত্যর্থঃ। শৃণু তাবৎ প্রাপ্য ভূতস্য মমাচিন্ত্যং মহিমানং।৩।

স্বামিকৃত টীকা।

নন্বেবমপ্যতিসুকরত্বেন কে নাম সংসারিণঃ স্যুস্তত্রাহ অশ্রদ্দধানাইতি। অস্য ভক্তিসহিতজ্ঞানলক্ষণস্য ধর্ম্মস্যেতি কর্ম্মণি ষষ্ঠী ইমং ধর্ম্মমশ্রদ্দধানাআস্তিক্যেনাস্বীকুর্ব্বন্তউপায়ান্তরৈর্মৎপ্রাপ্তয়ে কৃতপ্রযত্নাঅপি মামপ্রাপ্য মৃত্যুযুক্তে সংসারবর্ত্মনি নিবর্ত্তন্তে মৃত্যুব্যাপ্তে সংসারমার্গে পরিভ্রমন্তীত্যর্থঃ।৩।

মধুসূদন সরস্বতিকৃত টীকা।

মক্ষয়ফলমিত্যর্থঃ। কর্ম্মণাং ত্বতিমহতামপি ক্ষয়িফলত্বমেবয়ো বা এতদক্ষরং গার্গ্য বিদিত্বাস্মিল্লোকে জুহোতি যজতে তপস্তপ্যতে বহূনি বর্ষসহস্রাণ্যন্তর দেবাস্য তদ্ভবতীতিশ্রুতেঃ। তস্মাৎ সর্ব্বোৎকৃষ্টত্বাৎ শ্রদ্ধেয়মেবাত্মজ্ঞানং ॥ ২ ॥

এবমস্য সুকরত্বে সর্ব্বোৎকৃষ্টত্বে চ সর্ব্বোপি কুতোত্র ন প্রবর্ত্তন্তে তথাচ ন কোপী সংসারীস্যাদিত্যত আহ অশ্রদ্ধধানা ইতি অস্যাত্মজ্ঞানাখ্যস্য ধর্ম্মস্য স্বরূপে সাধনে ফলে চ শাস্ত্রপ্রতিপাদিতেপ্যশ্রদ্দধানা বেদবিরোধিদহেতুদর্শনদূষিতান্তঃকরণতয়া প্রামাণ্যমমন্যমানাঃ পাপকারিণোসুরসম্পদমারূঢ়াঃ স্বমতিকল্পিতেনোপায়েন কথং চিদ্যতমানা অপি শাস্ত্রবিহিতোপায়াভাবাদপ্রাপ্য মাং মৎপ্রাপ্তিসাধনমপ্যলব্ধা নিবর্ত্তন্তে মৃত্যু সংসারবর্ত্মনি সর্ব্বদা জননমরণবন্ধেন নারকি তির্য্যগাদিযোনিষ্বেব ভ্রমন্তীত্যর্থঃ ॥ ৩ ॥

ফলত্ব কারণে ঐ জ্ঞান অব্যয়, কিন্তু একমাত্র সুবিধা এই যে উহা অনায়াসে সাধন করিতে পারা যায়। ২।

হে পরন্তপ! যেসকল মানব এইধর্ম্মে অবিশ্বাস করে অর্থাৎ এই ভক্তিপূর্ণ জ্ঞানস্বরূপ ধর্ম্মকে অস্বীকার করিয়া উপায়ান্তর চেষ্টাপূর্ব্বক আমাকে লাভ করিতে বাসনা করে তাহাদিগের মনোবাঞ্ছা অসিদ্ধ হয়, তাহারা কেবল

মন্না ততমিদং সর্ব্বং জগদব্যক্তমূর্ত্তিনা।
মৎস্থানি সর্ব্বভূতানি ন চাহং তেম্ববস্থিতঃ ॥ ৪ ॥

রামানুজ ভাষ্য।

ময়েতি নবেতি। ইদং চেতনাত্মকং কৃৎসজ্ঞগদব্যক্তমূর্ত্তিনা অপ্রকাশিতস্বরূপেণ ময়া তয়াষিণা ততং। অস্য জগতো ধারণার্থং নিয়মনার্থবশেষিত্বেন ব্যাপ্তমিত্যর্থঃ। তথান্তর্য্যামি ব্রাহ্মণে যঃ পৃথিব্যাং তিষ্ঠনয়ং পৃথিবী নবেদয়। আত্মনি তিষ্ঠন্যং। আত্মানবেদেতি। চেতনাচেতনবস্তুজাতৈরদৃষ্টেনান্তর্যামিনা তত্র তত্র ব্যাপ্তিরুক্তা ততো মৎস্থানি সর্ব্বভূতানি সর্ব্বাণি ভূতানি ময্যন্তর্যামিনি স্থিতানি তত্রৈব ব্রাহ্মণে যস্য পৃথিবী শরীরং যঃ পৃথিবীমন্তরোয়মযতি যস্যাত্মা শরীরং য আত্মান মন্তরো যমতীতি শরীরত্বেন

স্বামিকৃত টীকা।

তদেবং বক্তব্যতয়া প্রস্তুতস্য জ্ঞানস্য স্তুত্যা শ্রোতারমভিমুখীকৃত্য তদেব জ্ঞানং কথয়তি ময়েতি দ্বাভ্যাং। অব্যক্তা অতীন্দ্রিয়া মূর্ত্তিঃ স্বরূপং যস্য তাদৃশেন ময়া কারণভূতেন সর্ব্বমিদং জগত্ততং ব্যাপ্তং তৎসৃষ্ট্বা তদেবানুপ্রাবিশদিত্যাদিশ্রুতেঃ, অতএব কারণভূতে ময়িতিষ্ঠন্তীতি মৎস্থানি সর্ব্বাণি ভূতানি চরাচরাণি, এবমপি ঘটাদিষু স্বকার্য্যেষু মৃত্তিকেব তেষু ভূতেষু নাহমবস্থিতআকাশবদসঙ্গত্বাৎ। ৪।

মধুসূদন সরস্বতীকৃত টীকা।

তদেবং বক্তব্যতয়া প্রতিজ্ঞাতস্য বিজ্ঞানস্য বিধিমুখেনেতরনিষেধমুখেন চ স্তুত্যাভিমুখীকৃতমর্জ্জুনং প্রতি তদেবাহ। দ্বাভ্যাং ইদং জগৎ সর্ব্বং ভূত ভৌতিক তৎকারণরূপং দৃশ্যজাতং মদজ্ঞানকল্পিতং ময়া অধিষ্ঠানেন পরমার্থসতা মদ্রূপেণ স্ফুরণরূপেণ চ ততং ব্যাপ্তং রজ্জুখণ্ডেনেব তদজ্ঞানকল্পিতং সর্পবরোদিত্বয়া বাসুদেবেন পরিচ্ছিন্নেন সর্ব্বং জগৎ কথং ব্যাপ্তং প্রত্যক্ষবিরোধাদিতি নেত্যাহ অব্যক্তা সর্ব্বকরণাগোচরীভূতা স্বপ্রকাশাদ্বয়চৈতন্যসদানন্দরূপা মূর্ত্তির্যস্য তেন ময়া ব্যাপ্তমিদং সর্ব্বং নত্বনেন দেহেনেত্যর্থঃ অতএব সন্তীব স্ফুরন্তীব মদ্রূপেণ স্থিতানি মৎস্থানি সর্ব্বভূতানি স্থাবরাণিজঙ্গমানি চ পরমার্থতস্তন চ নৈবাহং তেষু কল্পিতেষু ভূতেষ্ববস্থিতঃ কল্পিতাকল্পিতয়োঃ সম্বন্ধাযোগাদতএবোক্তং যত্র যদধ্যস্তং তত্তৎকৃতেন গুণেন দোষেণ বা অণুমাত্রেণাপি ন সম্বদ্ধ্যত ইতি ॥ ৪ ॥

মৃত্যু পরিকীর্ণ সংসার পথে নিয়ত পরিভ্রমণ করে, আমাকে কদাচ লাভ করিতে সফল হয় না। ৩।

আমি অব্যক্তরূপে অর্থাৎ ইন্দ্রিয় সকলের অগোচর স্বরূপে সমস্ত জগতে ব্যাপ্ত রহিয়াছি, (শ্রুতিতে প্রকাশিত হইয়াছে যে পরাৎপর পরব্রহ্ম, সংসার

ন চ মৎস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরং।
ভূতভৃন্ন চ ভূতস্থো মমাত্মা ভূতভাবনঃ ॥ ৫ ॥

রামানুজ ভাষ্য।

নিয়ামকত্ব প্রতিপাদস্তদা যতস্থিতিনিয়মনে প্রতিপাদেত। ইতি শেষত্বং নচাহংতেম্ববস্থিতঃ। অহঞ্চ ন তদাযতস্থিতি মৎস্থিতৌ ন তৈঃ। কশ্চিদুপকারইত্যর্থঃ। ৪।

ন চ মৎস্থানি ভূতানি ঘটাদীনাং জলাদেরিব যমমধারকং ত্বং কথং মৎসংকল্পেন শ্চমমৈশ্বরং যোগ অন্যত্র কুত্রচিদসংভাবনীয়ং মদসাধারণমাশ্চর্য্যং যোগং পশ্য কোসৌ যোগোভূতভৃন্নচ ভূতস্থো মমাত্মা ভূতভাবনঃ। সর্ব্বেষাং

স্বামিকৃত টীকা।

কিঞ্চ ন চেতি। ন চ ময়ি স্থিতানি ভূতানি অসঙ্গত্বাদেব মম, ননু নহি ব্যাপকত্বমাশ্রয়ত্বঞ্চ পূর্ব্বোক্তং বিরুদ্ধমিত্যাশঙ্কাহ পশ্যেতি। মে ঐশ্বরমসাধারণং যোগং যুক্তিং অঘটনঘটনাচাতুর্য্যমিদংপশ্য মদীযযোগমায়াবৈভবস্যাবিতর্ক্যত্বান্ন কিঞ্চিৎ বিরুদ্ধমিত্যর্থঃ। অন্যদপ্যাশ্চর্য্যং পশ্যেত্যাহ ভূতেতি। ভূতানি বিভর্ত্তি ধারয়তীতি ভূতভৃৎভূতানি ভাবয়তি পালয়তীতি ভূতভাবনঃ এবংভূতোঽপি মমাত্মা পরং স্বরূপং ভূতস্থোনভবতীতি। অয়ংভাবঃ, যথা দেহং বিভ্রৎপালয়ংশ্চ জীবোঽহঙ্কারেণ তৎসংশ্লিষ্টস্তিষ্ঠতি এবমহং ভূতানি ধারয়ন্ পালয়ন্নপি তেষু ন তিষ্ঠামি নিরহঙ্কারত্বাদিতি। ৫।

মধুসূদন সরস্বতিকৃত টীকা।

অতএব দিবিষ্ঠহরাদিত্যে কল্পিতানি জলচলনাদীনি ময়ি কল্পিতানি ভূতানি পরমার্থতো ময়ি ন সন্তিত্বমর্জ্জুনপ্রাকৃতীং মনুষ্যবুদ্ধিং হিত্বা পশ্য পর্য্যালোচয় মে যোগং প্রভাবমৈশ্বরং অঘটঘটনাচাতুর্য্যং মায়াবিনইব মমাবলোকয়েত্যর্থঃ। নাহং কস্যচিদাধেয়ো নাপি কস্যচিদাধারঃ স্তথাপ্যহং সর্ব্বেষু ভূতেষু ময়ি চ সর্ব্বাণি ভূতানীতি মহতীয়ং মায়া যতো ভূতানীতি সর্ব্বাণি কার্য্যাণ্যপ্যুপাদানতয়া বিভর্ত্তি ধারয়তি পোষয়তীতি চ ভূতভৃৎ ভূতানি সর্ব্বাণি কর্তৃতয়োৎপাদয়তীতি ভূতভাবনঃ এবমভিন্ননিমিত্তোপাদানভূতোপি মমাত্মা মমপরমার্থস্বরূপভূতঃ সচ্চিদানন্দঘনোঽসঙ্গাদ্বিতীয়স্বরূপত্বান্নভূতস্থঃ পরমার্থতো ন ভূতসম্বন্ধী স্বপ্নদৃগিবনপরমার্থতঃ স্বকল্পিতসম্বন্ধীত্যর্থঃ মমাত্মেতি বাহাঃ শিবইতিবৎ কল্পনয়া ষষ্ঠী ॥ ৫ ॥

সৃষ্টি করিয়া তন্মধ্যে জীবরূপে প্রতিষ্ট হইয়াছেন)। প্রাণি সকল আমাতেই অবস্থান করিতেছে, কিন্তু আমি কিছুতেই অবস্থিত নহি, কারণ আমি আকাশের ন্যায় সঙ্গ রহিত। ৪।

আমার এই ঐশিকী অঘটন ঘটনা চাতুরী নিরীক্ষণ কর, আমাতে কোন

যথাকাশস্থিতোনিত্যং বায়ুঃ সর্ব্বত্রগো মহান্।
তথা সর্ব্বাণি ভূতানি মৎস্থানীত্যুপধারয়॥ ৬॥

রামানুজ ভাষ্য।

ভূতানাং ভর্ত্তাহং নচ তৈঃ কশ্চিদপি মমাকারঃ মমাত্মৈব ভূতভাবঃ মমমনো ময়সংকল্পএব ভূতানাং ভাবি পিতা নিয়ন্তা চ সর্ব্বস্যাস্য সংকল্পা যন্ত্রস্থিতি প্রবৃত্তিত্বে নিদর্শনমাহ। ৫।

যথেতি। যথাবকাশেনালং বেনেমহাদ্বায়ুঃ স্থিতঃ সর্ব্বত্রগচ্ছতি সন্তরাপুতিরালম্বনো মদাযত্তস্থিতিরিতি মযৈব ধৃতইতি বিজ্ঞাযতে তথৈব সর্ব্বাণি ভূতানি তৈরসংস্পৃষ্টেমপি স্থিতানি মযৈবধৃতানিত্যপধারয়। যথাহুর্ব্বেদবিদঃ মেধোদয়ঃ সাগরসন্নিবৃত্তিরিন্দোর্ব্বিভাগঃ। স্ফুরণানিবাযোঃ, নিম্নদ্বিহঙ্গা গতযশ্চ রশ্মে বিষ্ণোর্ব্বিচিত্রাঃ প্রভবন্তি মাযাইতি বিষ্ণোরনন্য নরাধনানি সর্ব্বৈশ্বর্য্যাণীত্যর্থঃ এতস্য বা অক্ষরস্য প্রশারণে গার্গিসূর্য্যাচন্দ্রমসৌ বিধৃতৌ তিষ্ঠতঃ। ভীষাস্মাদ্বাতঃ পরতেমীবাদেতিসূর্য্যঃ। ভীষাস্মাদগ্নিশ্চন্দ্রশ্চ

স্বামিকৃত টীকা।

অসংশ্লিষ্টযোরপি আধারাধেয়ভাবং দৃষ্টান্তেনাহ যথেতি। অবকাশং বিনাবস্থানানুপপত্তের্নিত্যমাকাশাস্থিতোবায়ুঃ সর্ব্বত্রগোঽপি মহানপি নাকাশেন সংশ্লিষ্যতে নিরবয়বত্বেন সংশ্লেষাযোগাৎ তথা সর্ব্বাণি ভুতানি ময়ি স্থিতানি জানীহি। ৬।

মধুসূদন সরস্বতিকৃত টীকা।

অসংশিষ্টয়ো রাধারাধেয়ভাবং দৃষ্টান্তেনাহ যথাকাশ ইতি যথৈবাসঙ্গস্বভাবে আকাশে স্থিতো নিত্যং সর্ব্বদা উৎপত্তিস্থিতি সংহারকালেষু বাতীতি বায়ুঃ সর্ব্বদা চলনস্বভাবঃ অতএব সর্ব্বত্র গচ্ছতীতি সর্ব্বত্রগঃ মহান্ পরিমাণতঃ এতাদৃশোপি ন কদাপ্যাকাশেন সহ সংসৃজ্যতে তথৈবাসঙ্গস্বভাবে ময়ি সংশ্লেষমন্তরেণৈব সর্ব্বাণি ভূতানি আকাশাদীনি মহান্তি সর্ব্বত্রগানি চ স্থিতানীত্যুপধারয় বিমৃষ্যাবধারয়॥ ৬॥

ভূত অবস্থান করিতেছে না, কেবল আমার আত্মা ভূত সকল ধারণ ও পালন করিতেছে কিন্তু কোন ভূতেই মিলিত নহে। যদ্রূপ জীব সকল দেহ ধারণ ও পালন করিয়া অহঙ্কারাদিদ্বারা দেহাদিতে সংমিলিত হইয়া অবস্থান করে, সেইরূপ আমি ভূত সকলকে লালন পালন করিয়াও নিরভিমানিত্ব কারণে তাহাতে মিলিত হইয়া থাকি না। ৫।

যাদৃশ সর্ব্বত্রগামি সমীরণ মহৎ হইলেও নিরন্তর আকাশে অবস্থান করে,

সর্ব্বভূতানি কৌন্তেয় প্রকৃতিং যান্তি মামিকাং।
কল্পক্ষয়ে পুনস্তানি কল্পাদৌ বিসৃজাম্যহং ॥ ৭ ॥

রামানুজ ভাষ্য।

মৃত্যুর্ধাবতি পঞ্চমঃ ইতি। উক্তসকলেতরনিরপেক্ষা ভগবত সংকল্পাৎ সর্ব্বেষাং স্থিতিঃ প্রবৃত্তিশ্চোক্তা তথা তথাতৎসংকল্পাদেবে সর্ব্বেষামুৎপত্তিং প্রলয়াবপীত্যাহ সর্ব্বভূতানীতি স্থাবরজঙ্গমাত্মকানি সর্ব্বাণি ভূতানি মানি-মামিকাং মচ্ছরীরভূতা প্রকৃতিতমঃ শব্দবাচ্যাং নামরূপবিভানর্হাং কল্পক্ষয়ে চতুর্ম্মুখাবসানসময়ে মৎসংকল্পাদ্যাস্তি তান্যেব ভূতানি কল্পাদৌ বিসৃজা-ম্যহং যথাহ মনুঃ! আসীদিদং তমোভূতং সোভিধ্যায শারীরাৎ স্বাদিতি শ্রুতিরপি। অব্যক্তমক্ষরে লীয়তে অক্ষরমসি লীয়তে তমঃ পরদেব একী-ভবতি তমআসীত্তমসাগূঢ়ং প্রকেতি মিতিচ। ৬। ৭।

স্বামিকৃত টীকা।

তদেবমসঙ্গস্যৈব যোগমাযযা স্থিতিহেতুত্বমুক্তং তযৈব সৃষ্টি প্রলয়হেতুত্বঞ্চাহ সর্ব্বেতি। কল্পক্ষযে প্রলয়কালে সর্ব্বাণি ভূতানি মদীয়াং প্রকৃতিং যান্তি ত্রিগুণাত্মি-কাযাং মায়য়াং লীয়ন্তে পুনঃ কল্পাদৌ সৃষ্টিকালে তানি বিসৃজামি বিশেষেণ সৃজামি। ৭।

মধুসূদন সরস্বতিকৃত টীকা।

এমমুৎপত্তিকালে স্থিতিকালে চ কল্পিতেন প্রপঞ্চেনাসঙ্গস্যাত্মনোঽসংশ্লেষমুক্ত্বা প্রলয়েঽপি তমাহ সর্ব্বাণি ভূতানি কল্পক্ষয়ে প্রলয়কালে মামিকাং মৎশক্তিত্বেন কল্পিতাং প্রকৃতিং ত্রিগুণাত্মিকাং মায়াং স্বকারণভূতাং যান্তি তত্রৈব সূক্ষ্মরূপেণ নীয়ন্ত ইত্যর্থঃ। হে কৌন্তেয় ইত্যুক্তার্থং পুনস্তানি কল্পাদৌ সর্গকালে বিসৃজামি প্রকৃতাববিভাগাপন্নানি বিভাগেন ব্যনজ্মি অহং সর্ব্বজ্ঞঃ সর্ব্বশক্তিরীশ্বরঃ ॥ ৭ ॥

তাদৃশ সকল ভূতই আমাতে অবস্থান করিয়া রহিয়াছে। কিন্তু যদিও ভূত সমস্ত আমাতে স্থিত বটে তথাপি নির্লিপ্ত, যদ্রূপ আধার স্বরূপ আকাশে আধেয় স্বরূপ সমীরণ লিপ্ত হয় না, তদ্রূপ আধার স্বরূপ যে পরব্রহ্মআমি, আমাতে আধেয়স্বরূপ যে ভূত সকল তাহা কদাচ লিপ্ত হয় না। ৬।

কল্পক্ষয় অর্থাৎ প্রলয় কালে ভূতগণ আমার প্রকৃতিতে গমন করে অর্থাৎ সত্ত্ব রজ তম এই ত্রিগুণাত্মিকা মায়ায় লীন হয়, এবং কল্পারম্ভে অর্থাৎ সৃষ্টিকালে আমি পুনরায় সেই ভূতগণকে স্থূল সূক্ষ্মাদি নানাবিধ রূপে সৃজন করিয়া থাকি। ৭।

প্রকৃতিং স্বামবষ্টভ্য বিসৃজামি পুনঃ পুনঃ।
ভূতগ্রামমিমং কৃৎস্নমবশং প্রকৃতের্বশাৎ ॥ ৮ ॥

রামানুজ ভাষ্য।

প্রকৃতিমিতি স্বকীয়াং বিচিত্রপরিণামিনী প্রকৃতিভবমবষ্টভ্য অষ্টধা পুরিণমাক্তুর্বিবিন্ধং দেবতির্য্যঙমনুষ্যস্থাবরাত্মকং ভূতগ্রামং মদীয়ায়াঃ মোহিন্যাঃ গুণময্যাঃ প্রকৃতের্বশাৎ অবশং কালে পুনর্বিসৃজামি। ৮।

স্বামিকৃত টীকা।

নন্বসঙ্গোনির্ব্বিকারশ্চ ত্বং কথং সৃজসীত্যপেক্ষায়ামাহ প্রকৃতিমিত্যাদি। স্বাং স্বাধীনাং প্রকৃতিমবষ্টভ্য অধিষ্ঠায় প্রলয়ে লীনং সন্তং চতুর্ব্বিধমিমং সর্ব্বং ভূতগ্রামং কর্ম্মাদিপরবশং পুনঃ পুনর্বিবিধং সৃজামি বিশেষেণ সৃজামীতি বা। কথং, প্রকৃতের্বশাৎ প্রাচীনকর্ম্মনিমিত্ত তত্তৎস্বভাববশাৎ ॥ ৮ ॥

মধুসূদন সরস্বতীকৃত টীকা।

কিং নিমিত্তা পরমেশ্বরস্যেয়ং সৃষ্টির্ন ভবেৎ স্বভোগার্থা তস্য সর্ব্বসাক্ষিভূত চৈতন্যমাত্রস্য ভোক্তৃত্বাভাবাত্তথাত্বে বা সংসারিত্বেনেশ্বরত্ব ব্যাঘাতাৎ নাপ্যন্যো ভোক্তা যদর্থেয়ং সৃষ্টিঃ চেতনান্তরাভাবাদীশ্বরস্যৈব সর্ব্বত্র জীবরূপেণ স্থিতত্বাৎ অচেতনস্য চাভোক্তৃত্বাৎ। অতএব নাপবর্গার্থাপি সৃষ্টিঃ বন্ধাভাবাদপবর্গবিরোধিত্বাচ্চেত্যাদ্যনুপপত্তিঃ সৃষ্টের্ম্মায়াময়ত্বং সাধয়ন্তী নাস্মাকং প্রতিকূলেতি ন পরিহর্ত্তব্যেত্যভিপ্রেত্য মায়াময়ত্বাৎ মিথ্যাত্বং প্রপঞ্চস্য বক্তুমারভতে ত্রিভিঃ প্রকৃতমিতি প্রকৃতিং মায়াখ্যামনির্ব্বচনীয়াং স্বাং স্বস্মিন্ কল্পিতামবষ্টভ্য স্বসত্তাস্ফূর্ত্তিভ্যাং দৃঢ়ীকৃত্য তস্যাঃ প্রকৃতের্ম্মায়াবশাৎ অবিদ্যাস্মিতা রাগদ্বেষাভিনিবেশকারণাবরণবিক্ষেপাত্মকশক্তিপ্রভাবাৎ জায়মানমিমং সর্ব্বপ্রমাণসন্নিধাপিতং ভূতগ্রামমাকাশাদি ভূতসমুদায়মহং মায়াবীব পুনঃ পুনর্বিসৃজামি বিবিধং সৃজামি কল্পনামাত্রেণ স্বপ্নদৃগিবচস্বপ্নপঞ্চং ॥ ৮ ॥

আমি স্বীয় মায়ায় অধিষ্ঠিত হইয়া অর্থাৎ আপন অধীনা প্রকৃতিকে স্বীকার করিয়া, জন্মান্তরীণ কর্ম্মানুসারে প্রলয় কাল বিলীন কর্ম্মাদির বশীভূত প্রাণি সকলকে অর্থাৎ জরায়ুজ (জরায়ু হইতে জাত মনুষ্য পশু প্রভৃতি) অণ্ডজ (ডিম্ব হইতে উৎপন্ন পক্ষি সর্পাদি) স্বেদজ (ক্লেদাদি হইতে জনিত মৎকুণ মশকাদি) উদ্ভিজ্জ (ভূমি হইতে উদ্ভূত তৃণ বৃক্ষাদি) স্বীয় স্বীয় কার্য্যের বশীভূত এই ভূত সকলকে বার বার সৃজন করিতেছি। ফলতঃ ভূত সকলের প্রাচীন কর্ম্মজন্য স্বভাব বশত সৃষ্টি করিয়া থাকি। ৮।

ন চ মাং তানি কর্ম্মাণি নিবধ্নন্তি ধনঞ্জয়।
উদাসীনবদাসীনমসক্তং তেষু কর্ম্মসু ॥ ৯ ॥

রামানুজ ভাষ্য।

এবং তর্হি বিষয়মসৃষ্ট্যাদীনি কর্ম্মাণি নৈর্ঘৃণ্যাপাদনেন ভবন্তং বধ্নাতীত্যত্রাহ। নচ মামিবিষয়সৃষ্ট্যাদি কর্ম্মাণি মাং ন নিবধ্নন্তি ময়িপিনৈর্ঘৃণ্যাদিকং নাপাদয়ন্তঃ ক্ষেত্রজ্ঞানাং পূর্ব্বকৃতান্যেব কর্ম্মাণি দেবাদিভাব হেতবঃ॥ অহন্তু তত্রৈবমো। অসক্তস্তত্রোদাসীনবদাসীতঃ যথাহ সূত্রকারঃ বৈষম্যনৈর্ঘৃণ্যে ন সাপেক্ষত্বাৎ ন কর্ম্মবিভাগাদিনীতিচেন্ন অনাদিত্বাদিতি। ৯।

স্বামিকৃত টীকা।

নন্বেবং নানাবিধানি কর্ম্মাণি কুর্ব্বতস্তব জীববদ্বন্ধঃ কথং ন স্যাদিত্যত আহ ন চ মামিতি। তানি বিশ্বসৃষ্ট্যাদীনি কর্ম্মাণিমাং ন নিবধ্নন্তি, কর্ম্মাসক্তিহি বন্ধহেতুঃ সা চাপ্তকামত্বান্মম নাস্তি অতউদাসীনবদ্বর্ত্তমানস্য মে বন্ধং নোপপাদযন্তি, উদাসীনত্বে কর্ত্তৃত্বানুপপত্তেঃ কর্ত্তৃত্বে চোদাসীনত্বানুপপত্তেরুদাসীনবৎ স্থিতমিত্যুক্তং ॥ ৯ ॥

মধুসূদন সরস্বতীকৃত টীকা।

অতো ন চেতি নৈবসৃষ্টিস্থিতিপ্রলয়াখ্যানি, তানি মায়াবিনেব স্বপ্নদৃশেব চ ময়া ক্রিয়মানানি মাং নিবধ্নন্তি অনুগ্রহনিগ্রহাভ্যাং ন সুকৃতদুষ্কৃতভাগিনাং কুর্ব্বন্তি মিথ্যাভূতত্বাৎ হে ধনঞ্জয় যুধিষ্ঠির রাজসূয়ার্থং সর্ব্বান্ রাজ্ঞো জিত্বা ধনমাহৃতবান্ ইতি মহান প্রভাবঃ সূচিতঃ প্রোৎসাহনার্থং তানি কর্ম্মাণি কুতো নবধ্নন্তি তত্রাহ উদাসীনবদাসীনং যথা কশ্চিদুপেক্ষকোদ্বয়োর্ব্বিবদমানয়োর্জ্জয়পরাজয়াসংসর্গী তৎকৃতহর্ষবিষাদাভ্যাং অসংসৃষ্টো নির্ব্বিকার আস্তে তদ্বন্নির্ব্বিকারতয়াসীনং দ্বয়োর্ব্বিবদমানয়োরিহাভাবাদুপেক্ষকত্বমাত্র সাধর্ম্ম্যেণ বতিপ্রত্যয়ঃ অতএব নির্ব্বিকারত্বাত্তেষু সৃষ্ট্যাদিকর্ম্মসু অসক্তং অহং করোমীত্যভিমানলক্ষণেন সঙ্গেন রহিতং মাং ন নিবধ্নন্তি কর্ম্মাণীতি যুক্তমেব অন্যস্যাপি হি কর্তৃত্বাভাবে চ কর্ম্মাণি ন বন্ধকারণানীত্যুক্তমনেন তদুভয়সত্ত্বে তু কোশকারইব কর্ম্মভির্ব্বধ্যতে মূঢ় ইত্যভিপ্রায়ঃ। ৯।

হে ধনঞ্জয়! সেই সমস্ত সৃষ্টি প্রভৃতি কর্ম্ম আমাকে কোন প্রকারে বদ্ধ করিতে পারে না, কারণ কর্ম্মেতে যে আসক্তি তাহাই বন্ধনের এক মাত্র হেতু, কিন্তু আমি সকল কার্য্যেই অনাসক্ত, সুতরাং উদাসীণের ন্যায় সর্ব্বদা সর্ব্বত্রই অবস্থান করিয়া থাকি। ৯।

ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরং।
হেতুনানেন কৌন্তেয় জগদ্বিপরিবর্ত্ততে ॥ ১০ ॥
অবজানন্তি মাং মূঢ়ামানুষীন্তনুমাশ্রিতং।

রামানুজ ভাষ্য।

ময়েতি। তস্মাত ক্ষেত্রজ্ঞ কর্ম্মানুগুণং মদীয়া প্রকৃতিঃ সত্যং সঙ্কল্পেন ময়াধ্যক্ষেণেক্ষিতান চরাচরংজগত সূয়তে। অনেন ক্ষেত্রজ্ঞ কর্ম্মানুগুণ মদীক্ষণেন হেতুনা জগদ্ধি পরিবর্ত্তত ইতি মৎসাম্যং সত্যং সংকল্পত্বং নৈর্ঘৃণ্যাদি দোষরহিতংত্বমিত্যেবমাদি বসুদেব সূনোরৈশ্বরং যোগং পশ্য যথাহ শ্রুতিঃ। অস্মান্মায়ীসৃজতে বিশ্বমেত তস্মিংশ্চান্যো মাযযাসংনিরুদ্ধ। মায়াং তু প্রকৃতি বিদ্যান্মায়িনন্তু মহেশ্বরমিতি। ১০।

অবজানন্তীতি মাং ভূত মহেশ্বরং সর্ব্বজ্ঞং সত্য সঙ্কল্পং নিখিল জগদেক

স্বামিকৃত টীকা।

তদেবোপপাদয়তি ময়েতি। ময়া অধ্যক্ষেণ অধিষ্ঠাত্রা নিমিত্তভূতেন প্রকৃতিঃ সচরাচরং বিশ্বং সূয়তে জনয়তি, অনেন মদধিষ্ঠানেন হেতুনা ইদং জগদ্বিপরিবর্ত্ততে পুনঃ পুনর্জ্জায়তে সন্নিধিমাত্রেণাধিষ্ঠাতৃত্বাৎ কর্ত্তৃত্বমুদাসীনত্বঞ্চাবিরুদ্ধমিতি ভাবঃ। ১০।

নন্বেবংভূতং পরমেশ্বরং ত্বাং কিমিতি কেচিন্নাদ্রিয়ন্তে তত্রাহ অবজানন্তীতি

মধুসূদন সরস্বতীকৃত টীকা।

ভূতগ্রামমিমং বিসৃজাম্যুদাসীনবদাসীনমিতি চ পরস্পরবিরুদ্ধমিতি শঙ্কাপরিহারার্থং পুনর্ম্মায়াময়ত্বমেব প্রকটয়তি ময়েতি। ময়া সর্ব্বতোদৃশিমাত্রস্বরূপেণ বিক্রিয়েণাধ্যক্ষেণ নিয়ন্ত্রাভাসকেনাবভাসিতা প্রকৃতিস্ত্রিগুণাত্মিকা সত্ত্বাসত্ত্বাদিভিরনির্ব্বাচ্যা ময়া সূয়তে উৎপাদয়তি সচরাচরং জগন্ময়াবিনাধিষ্ঠিতেব মায়াকল্পিতে গজতুরগাদিকং নত্বহং স্বকার্য্যমায়াভাসনমন্তরেণ করোমি ব্যাপারান্তরং হেতুনা নিমিত্তেনানেনাধ্যক্ষত্বেন হে কৌন্তেয় জগৎ সচরাচরং বিপরিবর্ত্ততে জন্মাদিবিনাশান্তং বিকারজাতমনবরতমাসাদয়তীত্যর্থঃ। অতো ভাসকত্বমাত্রেণ ব্যাপারেণ বিসৃজামীত্যুক্তং তাবতাত্রাদিত্যাদেরিব কর্ত্তৃতাভাবাদুদাসীনবদাসীনমিত্যুক্তমিতি ন বিরোধঃ। তদুক্তং অস্য দ্বৈতেন্দ্রজালস্য যদুপাদানকারণং অজ্ঞানং তদুপাশ্রিত্য ব্রহ্মকারণমুচ্যত ইতি শ্রুতিস্মৃতিবাদাশ্চাত্রার্থে সহস্রশ উদাহার্য্যাঃ। ১০।

এবং নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবং সর্ব্বজন্তূনাবাত্মানমানন্দঘনমনন্তমপি সন্তং অবজানন্তীতি

প্রকৃতি অর্থাৎ, মায়া আমার অধিষ্ঠান মাত্র লাভ করিয়া এই সচরাচর জগৎ সংসার সৃষ্টি করিতেছে এবং নিরবচ্ছিন্ন আমার অধিষ্ঠান নিমিত্তই এই জগৎ বারংবার সমুৎপন্ন হইতেছে। ১০।

পরং ভাবমজানন্তো মমভূতমহেশ্বরং ॥ ১১ ॥

মোঘাশামোঘকর্ম্মাণো মোঘজ্ঞানাবিচেতসঃ।

রামানুজ ভাষ্য।

কারণং পরম কারুণিকতয়া সর্ব্বেষামাশ্রয়ণীয়ত্বাপ মানুষীতনুমাশ্রিতং এব লক্ষণমিদং পরং ভবমজানন্তো মনুষ্যত্ব সমাশ্রয়ণ মাত্রেণ মমিত রসমজগীয়ং মত্বাতিরস্কুর্ব্বতীত্যর্থঃ। ১১ ॥

মোঘাশেতিম মনুষ্যত্বে পরমকারুণ্যাদি পরত্ব নিরোধনকরী রাক্ষসীং। আসুরীচ মোনীং প্রকৃতিমাশ্রিতাঃ। মোঘাশামোঘ বাঞ্ছিতাঃ মোঘ কর্ম্মাণো

স্বামিকৃত টীকা।

দ্বাভ্যাং। সর্ব্বভূতমহেশ্বররূপং মদীয়ং পরং ভাবং তত্ত্বমজানন্তোমূঢ়ামূর্খামামবজানন্তি মামবমন্যন্তে, অবজ্ঞানে হেতুঃ শুদ্ধসত্ত্বময়ীমপি তনুং ভক্তেচ্ছাবশান্মনুষ্যাকারামাশ্রিতবন্তমিতি ॥ ১১ ॥

কিঞ্চ মোঘাশাইতি। মত্তোঽন্যদ্দেবতান্তরং ক্ষিপ্রং ফলং দাস্যতীত্যেবংভূতা মোঘা নিষ্ফলৈবাশা যেষাং তে, অতএব মদ্বিমুখত্বান্মোঘানি নিষ্ফলানি কর্ম্মাণি যেষাং

মধুসূদন সরস্বতীকৃত টীকা।

অবজানন্তি মাং সাক্ষাদীশ্বরোয়মিতি নাদ্রিয়ন্তে নিন্দন্তিবা মূঢ়া অবিবেকিনো জনাস্তেষামবজ্ঞাহেতুং ভ্রমং সূচয়তি মানুষীং তনুমাশ্রিতং মনুষ্যতয়া প্রতীয়মানাং মূর্ত্তিমাত্মেচ্ছয়া ভক্তানুগ্রহার্থং গৃহীতবন্তং মনুষ্যতয়া প্রতীয়মানেন দেহেন ব্যবহারন্তমিতি যাবৎ ততশ্চ মনুষ্যোয়মিতি ভ্রান্ত্যাচ্ছাদিতান্তঃকরণা মম পরং ভাবং প্রকৃষ্টং পারমার্থিকং তত্ত্বং সর্ব্বভূতানাং মহান্তমীশ্বরমজানন্তো যন্নাদ্রিয়ন্তে নিন্দন্তি বা তদনুরূপমেব মূঢ়ত্বং। ১১।

তে চ ভগবদবজ্ঞাননিন্দনজনিত মহাদুরিতপ্রতিবন্ধবুদ্ধয়ো নিরন্তরং নিরয়নিরাসার্হা এব মোঘাশেতি ঈশ্বরমন্তরেণ কর্ম্মাণ্যেব নঃ ফলং দাস্যন্তীত্যেবং রূপামোঘাঃ নিষ্ফলৈবাশাফলপ্রার্থনা যেষাং তে অতএব ঈশ্বরবিমুখত্বাৎ মোঘানি শ্রমমাত্ররূপাণি অগ্নিহোত্রা-

---

হে কৌন্তেয়! আমি সমস্ত ভূতের মহেশ্বর, এবং মানুষ বিগ্রহ পরিগ্রহ করিয়াছি; অতি মূঢ় ব্যক্তিরা আমার পরম তত্ত্ব কিছুমাত্র অবগত না হইয়া অবজ্ঞা করিয়া থাকে। ফলতঃ আমি বিশুদ্ধ সত্ত্বময় হইয়াও স্বীয় ভক্তগণের অভিলাষ বশতই মনুষ্যাকারদেহ আশ্রয় করিয়া ভক্তের মনোরথ সিদ্ধ করিয়া থাকি। ১১।

যে সকল ব্যক্তি বিফল আশা সম্পন্ন, বিফল কর্ম্ম পরায়ণ, ও বিফল জ্ঞান যুক্ত, সেই সমস্ত বিচেতন ব্যক্তিরা রাক্ষসী, আসুরী এবং মোহিনীপ্রকৃতির

রাক্ষসীমাসুরীঞ্চৈব প্রকৃতিং মোহনীং শ্রিতাঃ॥ ১২॥

মহাত্মানস্তু মাং পার্থ দৈবীং প্রকৃতিমাশ্রিতাঃ।

রামানুজ ভাষ্য।

মোঘারম্ভামোঘ জ্ঞানাঃ সর্ব্বেষু মদীযেযু চরাচরেযু মপিচ বিপরীত তযা-নিষ্ফল জ্ঞানাঃ বিচেতস সর্ব্বত্র বিগত যথার্থ জ্ঞানা মা সর্ব্বেশ্বরং। ইতর সমং জ্ঞাত্বা অপক্ষয়বস্তুং কর্ত্তুমিচ্ছন্তিযমুদিস্যারম্ভাত কুর্ব্বতেত সর্ব্বং মোঘং ভবতীত্যর্থঃ। ১২।

মহাত্মানইতি। যেতুস্বকৃতৈঃ পুণ্য সঞ্চয়ৈর্মাং শরণ মুপাগম্যবিধ্বংস্ত সমস্ত পাপবন্ধাদৈবীং প্রকৃতিমাশ্রিতা মহাত্মান স্তে ভূতাদি মব্যযং বাঙ্‌মনসাগোচর কর্ম্ম স্বরূপংপরমকারুণিক তযা সাধু পরিত্রাণায় মনুষ্যত্বে-

স্বামিকৃত টীকা।

তে, মোঘমেব নানাকুতর্কাশ্রিতং শাস্ত্রজ্ঞানং যেষাং তে, অতএব বিচেতসোবিক্ষিপ্ত-চিত্তাঃ, সর্ব্বত্র হেতুঃ রাক্ষসীং তামসীং হিংসাদিপ্রচুরাং আসুরীঞ্চ রাজসীং কামদর্পা-দিবহুলাং মোহনাং বুদ্ধিভ্রংশকরীং প্রকৃতিং স্বভাবং শ্রিতাঃ আশ্রিতাঃ সন্তোমামব-জানন্তীতি পূর্ব্বেনৈবান্বয়ঃ॥ ১২॥

কে তর্হি ত্বামারাধয়ন্তীত্যতআহমহাত্মান ইতি। মহাত্মানঃ কামাদ্যনভিভূতচিত্তাঃ, অতএব অভয়ং সত্ত্বসংশুদ্ধিরিত্যাদিনা বক্ষ্যমাণাং দৈবীং প্রকৃতিং স্বভাবমাশ্রিতাঃ,

মধুসূদন সরস্বতিকৃত টীকা।

দীনি কর্ম্মাণি যেষাং তে তথা মোঘমীশ্বরাপ্রতিপাদক কুতর্কশাস্ত্রজনিতং জ্ঞানং যেষাং তে কুতএবং যতো বিচেতসো ভগবদজ্ঞানর্জনিত দুরিতপ্রতিবন্ধবিবেকবিজ্ঞানাঃ কিঞ্চ তে ভগ-বদবজ্ঞানবশাৎ রাক্ষসীং তামসীং অবিহিতহিংসাহেতু দ্বেষপ্রধানাং আসুরীং চ রাজসীং শাস্ত্রাদ্যননুজ্ঞাতবিষয়ভোগহেতু রাগপ্রধানাঞ্চ মোহনীং শাস্ত্রীয়জ্ঞানভ্রংশহেতুং প্রকৃতিং স্বভাব-মাশ্রিতাএব ভবন্তি ততশ্চ ত্রিবিধং নরকস্যেদং দ্বারং নাশনমাত্মনঃ কামঃ ক্রোধস্তথালোভ ইত্যুক্ত নরকদ্বারভাগিতয়া নরকযাতনামেব তে সততমনুভবন্তীত্যর্থঃ। ১২।

ভগবদ্বিমুখানাং ফলকামনায়াস্তৎপ্রযুক্তস্য নিত্যনৈমিত্তিক কাম্যকর্ম্মানুষ্ঠানস্য তৎ-প্রযুক্তস্য শাস্ত্রীয়জ্ঞানস্য চ বৈযর্থ্যাৎ পারলৌকিকফল তৎসাধনশূন্যাস্তেনাপ্যৈহলৌকিকং

আশ্রিত হইয়া আমাকে অবজ্ঞা করিয়া থাকে। ফলতঃ আমা হইতে অন্যান্য দেবতারা শীঘ্র ফল প্রদান করিবেন, যাহাদিগের এবম্ভূত নিষ্ফলা আশা হয়, তাহারা ব্যর্থ ফল বিশিষ্ঠ কর্ম্ম করে এবং বিবিধ কুতর্কাশ্রিত হইয়া নিরর্থক কালক্ষেপ করে, আমাকে কখনই জানিতে পারে না। ১২।

ভজন্ত্যনন্যমনসোজ্ঞাত্বা ভূতাদিমব্যয়ং ॥ ১৩ ॥
সততং কীর্ত্তয়ন্তোমাং যতন্তশ্চ দৃঢ়ব্রতাঃ।

রামানুজ ভাষ্য।

নাবতীর্ণ মাজ্ঞাত্বাঽনন্যমনসোভজন্তে মৎ প্রিয়ত্বাতিরেকেণ মদ্ভজনেন বিনা-মনসশ্চাত্মনশ্চ বাহ্যকারণানাঞ্চ ধারণ মনভমানামদ্ভজনৈক প্রযোজনা-ভজন্তি। ১৩।

সতত মিতি অত্যর্থ মৎপ্রিয়ত্বেন মৎকীর্ত্তনম জনন মস্করৈর্বিনাক্ষণ মাত্র ময়্যাত্ম ধারণ মল মমানামদ্গা্ণ বিশেষ বাচীনি নামানি স্মৃত্বা পুলকিত সর্ব্বা-

স্বামিকৃত টীকা।

অতএব মদ্ব্যতিরেকেণ নাস্ত্যন্যস্মিন্মনোযেষাং তে তু ভূতাদিং জগৎকারণং অব্যয়ং নিত্যঞ্চ মাং জ্ঞাত্বা ভজন্তি। ১৩।

তেষাং ভজনপ্রকারমাহ সততমিতি দ্বাভ্যাং। সততংসর্ব্বদা স্তোত্রমন্ত্রাদিভিঃ-কীর্ত্তয়ন্তঃ কেচিন্মামুপাসতে সেবন্তে, দৃঢ়ানি ব্রতানিনিয়মাযেষাং তাদৃশাঃ সন্তোযত-

মধুসূদন সরস্বতীকৃত টীকা।

কিঞ্চিৎ ফলমস্তিস্তেষাং বিবেকবিজ্ঞানশূন্যতয়া বিচেতসো হি তে অতঃ সর্ব্বপুরুষার্থবাহ্যাঃ শোচ্যাএব সর্ব্বেষাং তেববাকাইত্যুক্তং অধুনা কে সর্ব্বপুরুষার্থভাজোঽশোচ্যাঃ যে ভগব-দেকশরণা ইত্যুচ্যতে মহাত্মানইতি মহাননেকজন্মকৃতসুকৃতৈঃ সংস্কৃতঃ ক্ষুদ্রকামাদ্যনভিভূত আত্মান্তঃকরণং যেষাং তএব অভয়ং সত্ত্বসংশুদ্ধিরিত্যাদিবক্ষ্যমাণাং দৈবীং সাত্বিকীং প্রকৃতি-মাশ্রিতাঃ অতএব অন্যস্মিন্ মদ্ব্যতিরিক্তে নাস্তি মনো যেষাং তে ভূতাদিং সর্ব্বজগৎকারণ-মব্যয়মবিনাশনঞ্চ মামীশ্বরং জ্ঞাত্বা ভজন্তি সেবন্তে। ১৩।

তে কেন প্রকারেণ ভজন্তীত্যুচ্যতে দ্বাভ্যাং সততমিতি সততং সর্ব্বদা ব্রহ্মনিষ্ঠং গুরু-মুপসৃত্য বেদান্তবাক্যবিচারেণ গুরূপসদনেতরকালে চ প্রণবজপোপনিষদাবর্ত্তনাদিভির্ম্মাং সর্ব্বোপনিষৎ প্রতিপাদ্যং ব্রহ্মস্বরূপং কীর্ত্তয়ন্তঃ বেদান্তশাস্ত্রাধ্যয়নরূপশ্রবণব্যাপারবিষয়ী কুর্ব্বন্তইতি যাবৎ তথা যতন্তশ্চ গুরুসন্নিধাবশ্রবাবেদান্তাবিরোধি তর্কানুসন্ধানেনাপ্রামাণ্য শঙ্কানাস্কন্দিত গুরূপদিষ্ট কৎস্বরূপাবধারণায় যতমানাঃ শ্রবণনির্দ্ধারিতার্থবাধ শঙ্কাপনোদক

হে পার্থ! মহাত্মাগণ অর্থাৎ কামাদিতে যাহাদের চিত্ত অভিভূত নহে ফলতঃ যাহাদের আমা ব্যতীত অন্যেতে মন নাই, সেই সকল মহাত্মারা দৈবী প্রকৃতি আশ্রয় পূর্ব্বক আমারে সকল ভূতের আদি অর্থাৎ জগৎ সংসারের কারণ এবং অব্যয় অর্থাৎ নিত্য স্বরূপ জানিয়া অনন্যমনে একান্ত ভক্তি সহ-কারে নিরবচ্ছিন্ন আমাকেই ভজনা করিয়া থাকেন। ১৩।

নমস্যন্তশ্চ মাং ভক্ত্যা নিত্যযুক্তাউপাসতে ॥ ১৪ ॥

রামানুজ ভাষ্য।

গাহর্যগহ্বকত্যা নারায়ণ রাম হরে কৃষ্ণ বাসুদেবেত্যেব মাদীনি সততং কীর্ত্ত-য়ন্ত স্তবথৈব নামরূপ বিভাগানর্হাতিসূয়ন্তস্তঃ মতকর্ম্মার্চনাদিকেষুবন্দন স্তবনকরণাদিকেষুচদৃঢ়সংকল্পায় তমানাভক্তি ভরানভিত মনোবুদ্ধ্যাভিমানাঃ পদদ্বয়করদ্বয় শিরোভিরষ্টাগৈরচিন্তিতয়াগুকর্দ্দমাদিকেষু ধরণীতলেষু দণ্ড-বৎ প্রণিপতন্তঃ সন্তঃভ্যানিত্য যুক্তানিত্য যোগংকাঙ্ক্ষমাণাং মহাত্মনোমম-দাস্য ব্যবসায়িন উপাস্যতে। ১৪।

স্বামিকৃত টীকা।

ন্তশ্চ ঐশ্বর্য্যজ্ঞানাদিষু প্রযত্নং কুর্ব্বন্তঃ কেচি ম্ভক্ত্যা ন মসান্তশ্চ প্রণমন্তঃ অন্যে নিত্য-যুক্তাঅনবরতং অবহিতাঃ সেবন্তে, ভক্ত্যেতি নিযুক্তাইতি চ কীর্ত্তনাদিস্বপি দ্রষ্টব্যং। ১৪।

মধুসূদন সরস্বতীকৃত টীকা।

তর্কানুসন্ধানরূপ মননপরায়ণাইতি যাবৎ। তথা দৃঢ়ব্রতা দৃঢ়ানি প্রতিপক্ষেশ্চালয়িতুমশ-ক্যানি অহিংসাসত্যাস্তেয় ব্রহ্মচর্য্যাপরিগ্রহাদীনি ব্রতানি যেষাং তে শমদমাদিসাধনসম্পন্না ইতি যাবৎ তথাচোক্তং পতঞ্জলিনা অহিংসাসত্যাস্তেয ব্রহ্মচর্য্যাপরিগ্রহা যমাঃ তেতু জাতি দেশকালময়ানবচ্ছিন্নাঃ সার্ব্বভৌমা মহাব্রতমিতি জাত্যা ব্রাহ্মণত্বাদিকয়া দেশেন তীর্থাদিনা কালেন চতুর্দ্দশ্যাদিনা সময়েন যজ্ঞাদ্যন্যত্বেনানবচ্ছিন্না অহিংসাদয়ঃ সার্ব্বভৌমাঃ ক্ষিপ্তমূঢ়বি-ক্ষিপ্ত ভূমিম্বপি ভাব্যমানাঃ কস্যামপি জাতৌ কস্মিন্নপি দেশে কস্মিন্নপি কালে যজ্ঞাদিপ্রয়ো-জনেপি হিংসী নকরিষ্যামীত্যেবং রূপেণ কিঞ্চিদপ্যপর্য্যদস্ত সামান্যেন প্রবৃত্তা তে মহাব্রত-মিত্যুচ্যন্ত ইত্যর্থঃ। তথা নমস্যন্তশ্চ মাং কায়বাঙমনোভির্নমস্কুর্ব্বন্তশ্চ মাং ভগবন্তং বাসু-দেবং মকলকল্যাণগুণবিধানমিষ্টদেবতারূপেণ গুরুরূপেণ চ স্থিতং চকারাৎ শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনং। অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনং ইতি বন্দনসহচরিতং শ্রবণাদ্যপি বোদ্ধব্যং অর্চ্চনং পাদসেবনমিত্যপি গুরুরূপে তস্মিন্ সুকরমেব অত্র মামিতি পুনর্ব্বচনং সগুণরূপপরামর্শার্থং অন্যথা বৈযর্থ্যপ্রসঙ্গাৎ তথা ভক্ত্যা মদ্বিষয়েন পরেণ প্রেম্না নিত্যযুক্তাঃ সর্ব্বদা সংযুক্তাঃ এতেন সর্ব্বসাধনপৌস্কল্যং প্রতিবন্ধকাভাবশ্চ দর্শিতঃ যস্য দেবে পরাভক্তির্যথা দেবে তথা গুরৌ। - তস্যৈতে কথিতাহ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ ইতি শ্রুতেঃ পতঞ্জলিনা চোক্তং ততঃ প্রত্যকচেতনাধিগমোপ্যন্তবায়াভাবশ্চেতি তৎ ঈশ্বরপ্রণি-ধানাৎ প্রত্যকচেতনস্য ত্বং পদলক্ষণস্যাধিগমঃ সাক্ষাৎকারো ভবতি অন্তরায়াণাং বিঘ্নানাং চাভাবো ভবতীতি সূত্রস্যার্থঃ তদেবং শমদমাদিসাধনসম্পন্না বেদান্তশ্রবণমননপরায়ণাঃ পরমেশ্বরে পরমগুরৌ প্রেম্না নমস্কারাদিনা চ বিগতবিঘ্নাঃ পরিপূর্ণসর্ব্বসাধনাঃ সন্তো মামু-পাসতে বিজাতীয়প্রত্যয়ানন্তরিতেন সজাতীয়প্রত্যয়প্রবাহেন শ্রবণমননোত্তরভাবিনা সততং

জ্ঞানযজ্ঞেন চাপ্যন্যে যজন্তোমামুপাসতে।
একত্বেন পৃথক্ত্বেন বহুধা বিশ্বতোমুখং ॥ ১৫ ॥

রামানুজ ভাষ্য।

জ্ঞানেতি! অন্যেপি মহাত্মনঃ পূর্ব্বোক্তৈঃ কীর্ত্তনাদিভিঃ জ্ঞানাখ্যেন যজ্ঞেনচ যজ্ঞান্তোমামুপাসতি। কথং বহুধাপৃথক্ত্বেন জগদাকারেণ বিশ্বতো মুখং বিশ্বপ্রকারত্বেনাবস্থিতং মামেকত্বেনোপাসতে। এতদুক্তং ভবতি। ভগবান বাসুদেব এবনাম রূপবিভাগা নর্হাতি সূক্ষ্মচিদচিদ্বস্তু শরীরঃ সত্য-সঙ্কল্পোবিবিধবিভক্ত নামরূপস্থূলচিদচিদ্বস্তু শরীরস্যামিতি সঙ্কল্প সএকএব দেবতির্য্যঙমনুষ্য স্থাবরাখ্য বিচিত্র জগচ্ছরীরোবতিষ্ঠত। ইত্যনুসন্ধানাচ্চ মা মুপাসতইতি। ১৫।

স্বামিকৃত টীকা।

কিঞ্চ জ্ঞানেতি। বাসুদেবঃ সর্ব্বমিত্যেবং সর্ব্বাত্মদর্শনং জ্ঞানং তদেব যজ্ঞস্তেন জ্ঞানযজ্ঞেন মাং যজন্তঃ পূজয়ন্তোঽন্যেঽপ্যুপাসতে তত্রাপি কেচিদেকত্বেনাভেদভাব-নয়া কেচিৎ পৃথগ্‌ভাবনয়া দাসোঽহমিতি কেচিত্তু বিশ্বতোমুখং সর্ব্বাত্মকং মাং বহুধা ব্রহ্মরুদ্রাদিরূপেনোপাসতে। ১৫।

মধুসূদন সরস্বতীকৃত টীকা।

চিন্তয়ন্তি মহাত্মানঃ অনেন নিদধ্যাসনং চরমসাধনং দর্শিতং এতাদৃশসাধনপৌষ্কল্যে স তে বদ্বেদান্তবাক্যজন খণ্ড গোচরং সাক্ষাৎকাররূপমহং ব্রহ্মাস্মীতি জ্ঞানং তৎসর্ব্বশঙ্কাকলঙ্কাস্পৃষ্টং সর্ব্বসাধনফলভূতং স্বোৎপত্তিমাত্রেণ দীপইব তমঃ সকলমজ্ঞানং তৎকার্য্যং চ নাশয়তীতি নিরপেক্ষমেব সাক্ষান্মোক্ষহেতুর্নতু ভূমিজয়ক্রমেণ ভ্রূমধ্যে প্রাণপ্রবেশনং মূর্দ্ধন্যয়া নাড্যা প্রাণোৎক্রমণমর্চ্চিরাদিমার্গেণ ব্রহ্মলোকগমনং তদ্ভোগান্তকালবিলম্বং বা প্রতীক্ষতে অতো যৎ প্রাক্ প্রতিজ্ঞাতং ইদন্ত তে গুহ্যতমং প্রবক্ষ্যাম্যনসূয়বে জ্ঞানমিতি তদেতদুক্তং ফলং চাস্যাশুভান্মোক্ষণং প্রাগুক্তমেবেতীহ পুনর্নোক্তং এবমত্রায়ং গম্ভীরো ভগবতোভিপ্রায়ঃ উত্তানার্থস্তু প্রকটএব। ১৪।

ইদানীং যএবমুক্ত শ্রবণমননিদিধ্যাসনাসমর্থাস্তে ত্রিবিধা উত্তমামধ্যামান্দাশ্চেতি সর্ব্বেপিস্বানুরূপেণ মামুপাসত ইত্যাহ জ্ঞানযজ্ঞেনেতি অন্যে পূর্ব্বোক্তসাধনানুষ্ঠানাসমর্থাঃ জ্ঞানযজ্ঞেন ত্বং বা অহমস্মি ভগবো দেবতে অহং বৈ ত্বমসীত্যাদি শ্রুত্যুক্তমহং গ্রহোপাসনং জ্ঞানং সএব পরমেশ্বর যজনরূপত্বাদ্যজস্তেন চকারএবার্থঃ অপিশব্দঃ সাধনান্তরত্যাগার্থঃ

কোন কোন ব্যক্তি সতত ভক্তি যুক্ত ও অবহিতচিত্ত হইয়া স্তোত্র মন্ত্রাদি দ্বারা আমার নাম কীর্ত্তন করেন এবং যত্নবান্ ও নিতান্ত দৃঢ় ব্রত হইয়া একান্ত ভক্তি সহকারে আমাকে নমস্কার করিয়া থাকেন, আর সর্ব্বদা সাব-

অহং ক্রতুরহং যজ্ঞঃ স্বধাহমহমৌষধং।
মন্ত্রোঽহমহমেবাজ্যমহমগ্নিরহং হুতং ॥ ১৬ ॥

রামানুজ ভাষ্য।

তথাহি বিশ্বশরীরোহমেবাবস্থিত ইত্যাহ। অহমিতি অহংক্রতুরহং জ্যোতিষ্টোমাদিকক্রতুরহমেব যজ্ঞোমহাযজ্ঞোহমেবস্বধাপিতগণ পুষ্টিদা-য়িনী। ঔষধংহবিঃ। স্বাহা হ মেব অহমেব মন্ত্রোহমৈবাজ্যং প্রদর্শনার্থমিদং অন্নাদিকঞ্চহবি রহমেবাহমা হবনীয়াদিকোগ্নিঃ হোমশ্চাহমেব। ১৬।

স্বামিকৃত টীকা।

সর্ব্বাত্মতাং প্রপঞ্চয়তি অহং ক্রতুরিতি চতুর্ভিঃ। ক্রতুঃ শ্রৌতোঽগ্নিষ্টোমাদিঃ, যজ্ঞঃস্মার্ত্তঃ পঞ্চযজ্ঞাদিঃ, স্বধা পিত্রর্থং শ্রদ্ধাদিঃ, ঔষধং ওষধি প্রভবমন্নং ভেষজম্বা, মন্ত্রোযাজ্যাপুরোধোবাক্যাদিঃ, আজ্যং হোমাদিসাধনং, অগ্নিরাহবনীয়াদিঃ, হুতং হোমঃ, এতৎ সর্ব্বমহমেব। ১৬।

মধুসূদন সরস্বতীকৃত টীকা।

কেচিৎসাধনান্তরনিস্পৃহাঃ সন্ত উপাস্যোপাসকাভেদচিন্তারূপেণ জ্ঞানযজ্ঞেনৈকত্বেন ভেদ-ব্যাবৃত্ত্যামাসেবোপাসতে চিন্তয়ন্ত্যুত্তমাঃ অন্যেতুকেচিন্মধ্যমাঃ পৃথকত্বেন উপাস্যোপাসকযোঃ ভেদেনাদিত্যাব্রহ্মেত্যাদেশইত্যাদিশ্রুত্যুক্তেন প্রতীকোপাসনরূপেণ জ্ঞানযজ্ঞেনমামেবোপা-সতে অন্যেত্বহং প্রহোপাসনে প্রতীকোপাসনেচা সমর্থাঃ কেচিন্মন্দাকাঙ্ক্ষিদন্যাংদেবতাং চোপাসীনাঃ কানিচিৎকর্ম্মাণি বাকুর্ব্বাণাবহুধাতেস্তের্বহুভিঃ প্রকারে বিশ্বরূপং সর্ব্বাত্মানং মাত্মবোপাসতে তেন তেন জ্ঞান যজ্ঞেনেতি উত্তরোত্তরাণাং ক্রমেণ পূর্ব্ব পূর্ব্ব ভূমি-লাভঃ। ১৫।

যদিবধোপাসতেতর্হি কথং ত্বামেবেত্যাশক্তি আত্মনোবিশ্বরূপত্বং প্রপঞ্চয়তি চতুর্ভিঃ অহমিতি সর্ব্ব স্বরূপোহ মিতি বক্তব্যে তত্তদেকদেশ কথনমবমুক্তানুবাদেন বৈশ্বানরেদ্বাদ-শকপানেষ্টাকপানত্বাদি কথনবৎ ক্রতুঃ শ্রৌতোঽগ্নিষ্টোমানি যজ্ঞঃ স্মার্ত্তোবৈশ্বদেবাদিঃ মহাযজ্ঞত্বেন শ্রুতিস্মৃতি প্রসিদ্ধঃ স্বধান্নং পিতৃভ্যোদীয়মানং ঔষধং ঔষধি প্রভবমন্নং সর্ব্বৈঃ প্রাণিভির্ভুক্তমানং ভেষজং বামন্ত্রোযাজ্যাপুরোনুবাক্যাদির্যেনোদ্দিশ্যহ বিদীযতে দেবেভ্যঃ

ধান হইয়া ভক্তি পূর্ব্বক আমার উপাসনা করিতে ত্রুটি করেন না। কিন্তু কীর্ত্তনাদিতে যে একান্ত ভক্তি করা উচিত ইহা পরিজ্ঞাত হওয়া নিতান্ত কর্ত্তব্য। ১৪।

কোন ব্যক্তি তত্ত্বজ্ঞান রূপ যজ্ঞ অর্থাৎ তাবৎ চরাচর মাত্রই পরব্রহ্ম শ্রীকৃষ্ণ, এই প্রকার সর্ব্বত্রই যে আত্মাকে দর্শন করা তাহাই জ্ঞান, এবং তাহাই যজ্ঞ, এইরূপ জ্ঞান যজ্ঞেতে আমাকে উপাসনা করেন; কোন ব্যক্তি

পিতাহমস্য জগতোমাতা ধাতা পিতামহঃ।
বেদ্যং পবিত্রমোঙ্কারঋক্‌সামযজুরেব চ ॥ ১৭ ॥

রামানুজ ভাষ্য।

পিতাহমিতি। অস্য স্থাবর জঙ্গমাত্মকস্য জগতস্তত্রতত্র পিতৃত্বেন মাতৃত্বেন পিতামহত্বে নচ বর্ত্তমানোহ মেব। অত্রধাতুশব্দো মাতাপিতৃব্যতিরিক্তে। উৎপত্তিপ্রযোজকে চেতনবিশেষে বর্ত্ততে। যৎকিঞ্চিদ্বেদবেদ্যং পবিত্রং পাবনং তদুদ্বমেব ঋগাদিবেদবীজভূতঃ প্রণবশ্চাহমেব। ১৭।

স্বামিকৃত টীকা।

কিঞ্চ পিতামহস্যেতি। ধাতা কর্ম্মফলবিধাতা, বেদ্যং জ্ঞেয়ং বস্তু, পবিত্রং শোধকং প্রায়শ্চিত্তাত্মকং বা, ওঙ্কারঃ প্রণবঃ, ঋগাদয়োবেদাশ্চাহমেব স্পষ্টমন্যৎ। ১৭।

মধুসূদন সরস্বতীকৃত টীকা।

আজ্যং ঘৃতং সর্ব্ব হবিরূপ লক্ষণ মিদং অগ্নিরাহরনীযাদিঃ হবিঃ প্রক্ষেপাধিকরণং হুতং হবনং হবিঃ প্রক্ষেপঃ এতৎ সর্ব্বমহং পরমেশ্বর এব এতদেকৈকজ্ঞানমপি ভগবদুপাসন মিতি কথমিতুং প্রত্যেক মহং শব্দঃ ক্রিয়াকারক ফলজাতং কিমপি ভগবদতিরিক্তং নাস্তীতি সমুদায়ার্থঃ। ১৬।

কিঞ্চ পিতামহমিতি অস্য জগতঃ সর্ব্বস্য প্রাণিজাতস্য পিতা জনয়িতা মাতা জনয়িত্রী ধাতা পোষয়িতাতত্তৎ কর্ম্মফল বিধাতা বা পিতামহঃ পিতুঃ পিতাবেদ্যং বিদিতব্যং বস্তু পূয়তে সনেনেতি পবিত্রং পাবনং। শুদ্ধি হেতু গঙ্গাস্নান গায়ত্রী জপাদি বেদিতরো-ব্রহ্মণি বেদ ন সাধনমোঙ্কারঃ নিয়তাক্ষর পাদানক গীতি বিশিষ্টাসৈব সাম সামপদং তু গীতিমাত্রস্যৈবাভিধায়ক মিত্যন্যগীতি রহিত মনি যতাক্ষরং যজুঃ। এতত্রিবিধং মন্ত্রজাতং কর্ম্মোপযোগি চকারাদথর্ব্বাঙ্গিরসোপিপূক্ষন্তে এবকারোহহমেবেত্যর ধারণার্থঃ। ১৭।

অভেদ ভাবনায় আমাকে ভজনা করেন; কোন ব্যক্তি আমি ভগবান শ্রীকৃষ্ণের দাস এই রূপ পৃথক ভাবনা ক্রমে আমার আরাধনা করিয়া থাকেন; এবং আর কোন ব্যক্তি আমাকে সর্ব্বাত্মা স্বরূপ ব্রহ্ম রুদ্রাদি রূপেও সেবা করেন। ১৫।

হে কৌন্তেয়! আমি ক্রতু অর্থাৎ শ্রুতিতে প্রকাশিত অগ্নিষ্টোম যাগাদি, আমি যজ্ঞ অর্থাৎ স্মৃতিতে প্রকাশিত পঞ্চ যজ্ঞাদি, আমিই স্বধা অর্থাৎ পিতৃলোক প্রয়োজনীয় শ্রাদ্ধাদি, আমি ঔষধ অর্থাৎ ফল পাকান্তে যাহার অন্ত হয়, (ধান্য বৃক্ষাদি) এবং আমিই মন্ত্র অর্থাৎ যজমান পুরোহিতের বাক্যাদি, আর আমি আজ্য অর্থাৎ হোমাদির সাধন স্বরূপ ঘৃত

গতির্ভর্ত্তা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং সুহৃৎ।
প্রভবঃ প্রলয়ঃ স্থানং নিধানং বীজমব্যয়ং ॥ ১৮ ॥

রামানুজ ভাষ্য।

গতিরিতি। শক্রলোক প্রভৃতি প্রাপ্যস্থানং ভর্ত্তাধার পিতাপ্রভুঃ শাসিতা সাক্ষীদ্রষ্টানিবাসঃ বাসস্থানং বংশ্যাদি শরণং। ইষ্টস্য প্রাপকতয়া অনিষ্টস্য নিবারণ তয়া সর্ব্বস্যা শ্রযণীযশ্চেতনঃ সচাহমেবেতি সুহৃৎ হিতৈষী প্রভবঃ প্রভবস্থানং প্রলযস্থানযস্যচিৎ কুত্রচিং প্রভব প্রলযযোগ্যস্থানং যত্তদহমেব নিধানমিধীয়তে ইতি নিধানমুৎপাদ্যমুপসংহার্য্যচাহমেবাব্যযং বীজং তত্র তত্রব্যপরিহিতং তত্তৎ কারণঞ্চাহমেব। ১৮।

স্বামিকৃত টীকা।

কিঞ্চ গতিরিতি। গম্যতইতি গতিঃ ফলং, ভর্ত্তা পোষণকর্ত্তা, প্রভুর্নিযন্তা, সাক্ষী শুভাশুভদ্রষ্টা, নিবাসোভোগস্থানং শরণং রক্ষকঃ সুহৃৎহিতকর্ত্তা, প্রকর্ষেণ ভবত্যনেনেতি প্রভবঃস্রষ্টা প্রলীয়তেঽনেনেতি প্রলযঃ সংহর্ত্তা, তিষ্ঠন্ত্যস্মিন্নিতি স্থানমাধারঃ নিধীযতেঽস্মিন্নিতি নিধানং লযস্থানং, বীজং কারণং তথাপ্যব্যযমবিনাশি ন তু ব্রীহ্যাদিবীজবদ্বিনশ্বরমিত্যর্থঃ। ১৮।

মধুসূদন সরস্বতিকৃত টীকা।

কিঞ্চগতিরিতি গম্যত ইতি গতিঃ কর্ম্মফলং ব্রহ্মাবিশ্বস্ৃজোধর্ম্মো মহানব্যক্ত মেবচ উত্তমাং সাত্বিকাং মেতীগতিমাহুর্মনীষিণঃ ইত্যেবং মন্বাদ্যুক্তং ভর্ত্তাপোষ্টা সুখসাধনস্যৈব দাতা .প্রভুঃস্বামীমদীয়োযমিতি স্বীকর্ত্তা সাক্ষী সর্ব্ব প্রাণিনাং শুভাশুভ দ্রষ্টানিবসন্ত্যস্মিন্নিতি নিবাসোভোগস্থানং শীর্য্যতে দুঃখমস্মিন্নিতি শরণং প্রপন্নানামার্ত্তি কৃৎ সুহৃৎ প্রত্যুপকারানপেক্ষঃ সত্যুপকারী প্রভব উৎপত্তিঃ প্রলয়োবিনাশঃ স্থানং স্থিতিঃ যদ্বাপ্রকর্ষেণ ভবন্ত্যনেনেতি প্রভবঃ স্রষ্টা প্রকর্ষেণ লীয়ন্তেঽনেনেতি প্রলয়ঃ সংহর্ত্তা তিষ্ঠন্ত্যস্মিন্নিতি স্থান মাধারঃ নিধীয়তে নিক্ষিপ্যতেতৎকাল ভোগাযোগ্যতয়াকালান্তরোপভোগ্যং বস্ত্বস্মি-

---

প্রভৃতি, আমিই অগ্নি অর্থাৎ যাহাতে হবন কার্য্য সম্পন্ন হয় এরূপ যজ্ঞাগ্নি, এবং হুত অর্থাৎ হোম সমুদায়ও আমি। ১৬।

আর অধিক কি বলিব আমিই এই জগতের পিতা, আমিই এই জগতের মাতা, ও আমিই পিতামহ এবং বিধাতা অর্থাৎ কর্ম্ম ফলের বিধান কর্ত্তাও আমি। আর আমিই বেদ্য অর্থাৎ জ্ঞেয় বস্তু, ও পবিত্র অর্থাৎ প্রায়শ্চিত্তাত্মক আমি, এবং আমিই ওঁকার শব্দার্থ প্রণব। আর ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, এবং অথর্ব্ববেদ এসমস্তই আমাকে জানিও। ১৭।

তপাম্যহমহং বর্ষং নিগৃহ্ণাম্যুৎসৃজামি চ।
অমৃতঞ্চৈব মৃত্যুশ্চ সদসচ্চাহমর্জ্জুন।১৯।

রামানুজ ভাষ্য।

তপাম্যহমিতি। অহমেবাদিত্যাদি রূপেণ তপাভি গ্রীষ্মেহমেব রসং নিগৃহ্ণামি তথা বর্ষাস্বপি চাহমেবোৎ সৃজামি। অমৃতঞ্চৈব মৃত্যুশ্চ যেন জীবতিনাকোপেন মৃতে তদুভয়মপ্যহমেব কিমত্রবহুনোক্তেন সদসদসচ্চাপ্যহমেব সদ্বর্ত্ততে অসদ্বচ্চবর্ত্তে সর্ব্বাবস্থাবস্থিত চিদচিদ্বস্তু শরীর তযাতত্তৎ প্রকারোহমেবাবস্থিত ইত্যর্থঃ যএবং বহুধাপৃথক নানাবিধ নামরূপাবস্থিত কৃৎস্নজগ-

স্বামিকৃত টীকা।

কিঞ্চ তপাম্যহমিতি। আদিত্যাত্মনা স্থিত্বা নিদাঘকালে তপামি জগতস্তাপং করোমি, বৃষ্টিসময়ে চ বর্ষণ মুৎসৃজামি বিমুঞ্চামি, কদাচিত্তু বর্ষং নিগৃহ্ণামি, আকর্ষামি অমৃতং জীবনং মৃত্যুশ্চ নাশঃ সৎস্থূলং দৃশ্যং অসচ্চ সূক্ষ্মমদৃশ্যং এতৎসর্ব্বমহমেবেতি এবং মত্বা মামেব বহুধোপাসতে ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। ১৯।

মধুসূদন সরস্বতিকৃত টীকা।

ন্নিতি নিধানং সূক্ষ্মরূপ সর্ব্ব বস্ত্বধিকরণং প্রলয় স্থানমিতি যাবৎ শঙ্খপদ্মাদি নিধির্ব্বাবীজমুৎপত্তিকারণমব্যযমবিনাশি ন তু ব্রীহ্যাদিবদ্বিনশ্বরং তেনানাদ্যনন্তরং যৎকারণং তদপ্যহমেবেতি পূর্ব্বেণৈব সম্বন্ধঃ ॥ ১৮ ॥

কিঞ্চতপাম্যহমিতি তপামি অহং আদিত্যঃ সন্ ততশ্চ অপরসাদহং বর্ষং পূর্ব্ব বৃষ্টিরূপং রসং পৃথিব্যানি গৃহ্ণামি কৈশ্চিৎরশ্মিভিরষ্টসুমাসেষু পুনস্তমেব নিগৃহীতং রসং চতুর্ষু মাসেসু কৈশ্চিৎ রশ্মিভিরুৎসৃজামি চ বৃষ্টিরূপেণ চ প্রক্ষিপামি চ ভূমৌ

আমিই গতি অর্থাৎ প্রাপ্য বিষয় স্বরূপ কর্ম্মফল, এবং ভর্ত্তা অর্থাৎ পোষণ কর্ত্তাও আমি, আমিই প্রভু অর্থাৎ নিয়ামক। এবং আমি সাক্ষী অর্থাৎ শুভাশুভ বিষয়ের দ্রষ্টা আমি ভিন্ন আর কেহ নয়, আর আমি নিবাস অর্থাৎ ভোগস্থান, এবং শরণ অর্থাৎ রক্ষকই আমি, আমি সুহৃৎ অর্থাৎ আমার সদৃশ হিতকারী আর কেহই নাই, এবং আমি প্রভব অর্থাৎ যাহাদ্বারা প্রকৃষ্টরূপে এই বিশ্বসংসারের উৎপত্তি হয় ফলতঃ স্রষ্টা, প্রলয় অর্থাৎ সংহর্ত্তাও আমি, আর স্থান যাহাতে এই বিশ্ব অবস্থিতিকরে সেই আধারই আমি, এবং নিধান অর্থাৎ যাহাতে লয় হয় আমিই সেই লয়স্থান, এবং আমিই বীজ অর্থাৎ কারণ আর অব্যয়ও আমি, ফলতঃ সামান্য বীজের ন্যায় অঙ্কুরোৎপত্তির পর আমি নষ্ট হইনা। ১৮।

ত্রৈবিদ্যামাং সোমপাঃ পূতপাপায়জ্ঞৈরিষ্ট্বা স্বর্গতিং প্রার্থয়ন্তে।
তেপুণ্যমাসাদ্যসুরেন্দ্রলোকমশ্নন্তিদিব্যান্ দিবি দেবভোগান্। ২০।

রামানুজ ভাষ্য।

চ্ছরীর জযা তত্তৎপ্রকারোঽহমেবাবস্থিত ইত্যেকজ্ঞানানুসন্ধানাচ্চ মামুপাসতে তএব মহাত্মানঃ ।। ১৯ ।।

এবং মহাত্মনাং জ্ঞানিনাং ভগবদনুভবৈক ভোগানাং বৃত্তিমুক্ত্বা তেষামেব বিশেষং দর্শয়িতুমজ্ঞানাং কামকারণাবৃত্তিমাহ। ত্রৈবিধেতি। তে তমিতি ঋগ্‌যজুঃ সামরূপাস্তিস্রো বিদ্যাস্তি বিদ্যা কেবলং ত্রিবিদ্যা নিষ্ঠাত্রৈবিদ্যাস্ত্র-প্যস্তনিষ্ঠামাহাত্মানঃ পূর্ব্বোক্ত প্রকারেণাখিলবেদবেদ্যং মামেব জ্ঞাত্বাতিমাত্র-

স্বামিকৃত টীকা।

তদেবমবজানন্তি মাং মূঢাইত্যাদিশ্লোকদ্বযেন ক্ষিপ্রফলাশযা দেবতান্তরং যজন্তোমাং নাশ্রিযন্তইত্যভক্তাদর্শিতাঃ মহাত্মানস্তু মাং পার্থেত্যাদিনা চ ভক্তাউ-ক্তাস্তত্রৈকত্বেন পৃথকত্বেন বা যে পরমেশ্বরং ন ভজন্তি তেষাং জন্মমৃত্যুপ্রবাহোদু-র্ব্বারইত্যাহ ত্রৈবিদ্যাইতিদ্বাভ্যাং। ঋগ্ যজুঃসামলক্ষণাস্তিস্রোবিদ্যাযেষাং তে ত্রিবি-দ্যাস্ত্রিবিদ্যাএবত্রৈবিদ্যাঃ স্বার্থে হন্, তিস্রোবিদ্যাঅধীযন্তে জানন্তীতি বা ত্রৈবিদ্যা-

মধুসূদন সরস্বতিকৃত টীকা।

অমৃতঞ্চদেবানাং সর্ব্ব প্রাণিনাং জীবনং বা এবকারস্যাহমিত্যনেন সম্বন্ধঃ মৃত্যুশ্চমর্ত্ত্যানাং সর্ব্ব প্রাণিনাং বিনাশোবাসৎ মৎ সম্বন্ধিতয়া যদ্বিদ্যতে তত্তত্রসৎ অসচ্চ মৎ সম্বন্ধিতয়া যন্নবিদ্যতে তত্তত্রা সৎ এতৎ সর্ব্বমহমেব হে অর্জুন তস্মাৎ সর্ব্বাত্মানং মাং বিদিত্বা স্বস্বাধিকারানুসারেণ বহুভিঃ প্রকারৈর্ম্মা মেবোপাসত ইত্যুপপন্নং ॥ ১৯ ॥

এবমেকত্বেন পৃথকত্বেন বহুধাচেতি ত্রিবিধা অপি নিষ্কামাঃ সন্তো ভগবন্ত মুপাসীনাঃ সত্ত্বশুদ্ধিজ্ঞানোৎপত্তিদ্বারেণ ক্রমেণ মুচ্যন্তে যেতু সকামাঃ সন্তোন কেনাপি প্রকারেণ ভগবন্ত মুপাসতে কিন্তু স্ব স্ব কাম সাধনানিকাম্যান্যেব কর্ম্মাণ্যনুতিষ্ঠন্তি তে সত্ত্বশোধকা-ভাবেন জ্ঞান সাধন মনধিরূঢাঃ পুনঃ পুনর্জ্জন্মমরণ প্রবন্ধেন সর্ব্বদা সংসারদুঃখ মনুভবন্তী-ত্যাহদ্বাভ্যাং ত্রৈবিদ্যা ইতি ঋগ্বেদযজুর্ব্বেদ সামবেদ লক্ষণা হোত্রাধ্বর্য্যবোদ গাত্র প্রতিপত্তি

হে কুন্তীনন্দন অর্জ্জুন! আমি সূর্য্যরূপে অবস্থান পূর্ব্বক নিদাঘ সময়ে জগতে তাপ প্রদান করিয়া থাকি, আর বর্ষাকালে আমিই জল বর্ষণ করি এবং সময় বিশেষে সেই জল সকল আকর্ষণ করিতে ক্রটি করি না, আর অমৃত অর্থাৎ জীবন আমি, এবং মৃত্যুও আমি, আর সৎশব্দোক্ত স্থূল অর্থাৎ দৃশ্য পৃথিবী প্রভৃতি স্থূলভূত সকল এবং অসৎ শব্দবাচ্য সূক্ষ্ম অর্থাৎ দৃষ্টির অগোচর পঞ্চমহাভূত প্রভৃতি সমস্তই আমি। ১৯।

তে তং ভুক্ত্বা স্বর্গলোকং বিশালং ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি।

রামানুজ ভাষ্য।

মদ্ভক্তিকারিত কীর্ত্তনাজ্ঞান যজ্ঞেনচ মামেবপ্রাপ্যমুপাসতে ত্রৈবিদ্যাস্তুবেদ প্রতিপাদ্য কেবলেন্দ্রাদ্রিয়াগশিষ্ট সোমং পিবন্তঃ পূতযাবাঃ স্বর্গাদি প্রাপ্তি বিরোধিপাযাৎ পূতাস্তেঃ কেবলেন্দ্রাদি দৈবতযানুসংহিতৈর্যজ্ঞৈর্বস্তু-তস্তদ্রূপং মামিষ্ট্বা তথাবস্থিতং সোমপিবন্তঃ স্বর্গতিং প্রার্থয়ন্তে সুখদুঃখাংশ রহিতে সুরেন্দ্রলোকং প্রাপ্য দিব্যান ভোগানশ্নন্তি ॥ ২০ ॥

তেতং বিশালং স্বর্গলোকং ভুক্ত্বা তদনুভবহেতু ভূতে পুণ্যেক্ষীণে পুনরপি

স্বামিকৃত টীকা।

বেদত্রযোক্তকর্ম্মপরাইত্যর্থঃ বেদত্রযবিহিতৈর্যজ্ঞৈর্ম্মামিষ্ট্বা মমৈব রূপং দেবতান্তরমিত্য-জানন্তোঽপি বস্তুতইন্দ্রাদিরূপেণ মামেবেষ্ট্বা সংপূজ্য যজ্ঞশেষং সোমং পিবন্তীতি সোমপাস্তেনৈব পূত পাপাঃ শোধিতকল্মষাং সন্তঃ স্বর্গতিং স্বর্গং প্রতি গতিং যে প্রার্থয়ন্তে তে পুণ্যফলরূপং সুরেন্দ্রলোকং স্বর্গ মাসাদ্য প্রাপ্যদিবি স্বর্গে দিব্যানুত্ত-মান্ দেবানাং ভোগানশ্নন্তি ভুঞ্জতে। ২০।

ততশ্চ তে তমিতি। তে স্বর্গ কামাস্তং প্রার্থিতং বিপুলং স্বর্গলোকং তৎসুখং ভুক্ত্বা

মধুসূদন সরস্বতিকৃত টীকা।

হেতু রস্তিস্রোবিদ্যযেষাং তে ত্রিবিদ্যাত্রিবিদ্যাএব ত্রৈবিদ্যাঃ স্বার্থিক তদ্ধিতস্ত্রিসোবিদ্যা বিদন্তীতি বা বেদত্রয় বিদোযাজ্ঞিকা যজ্ঞৈরগ্নিষ্টোমাদিভিঃ ক্রমেণ সবলত্রযেণ বসু রুদ্রাদিত্য রূপিণং মামীশ্বরমিষ্ট্বা তদ্রূপেণ মামজানন্তোপি বস্তু বৃত্তেন পূজযিত্বা অভিষুত্যহুত্বাচ সোমং পিবন্তীতি সোম পাঃ সন্তঃতে নৈব সোম পানেন পূতপাপানিবস্ত স্বর্গভোগ প্রতিবন্ধক পাপাঃ সকামতয়া স্বর্গতিং প্রার্থয়ন্তেনতু সত্বশুদ্ধি জ্ঞানোৎপত্যাদিতে দিবি স্বর্গলোকে পুন্যং পুন্য-ফলং সর্ব্বোৎকৃষ্টং সুরেন্দ্রলোকং শতক্রতোঃ স্থান মাসাদ্যদিব্যান্মনুষ্যৈবলভ্যান দেব ভোগান দেবদেহোপ ভোগ্যান্ কামা নশ্নন্তি ভুঞ্জতে ॥ ২০ ॥

ততঃ কিমনিষ্টমিতি তদাহতেতমিতি তে সকামস্তি কাম্যেন পুণ্যেন প্রাপ্তং বিশালং

বিগত পাপ মহাত্মাগণ অর্থাৎ যাঁহারা ঋগ্বেদ যজুর্ব্বেদ সামবেদ স্বরূপ ত্রিবিধ বিদ্যা জানেন, সেই বেদ ত্রয়োক্ত কর্ম্মানুষ্ঠান পর ব্যক্তি সকল বেদ ত্রয়োক্ত যজ্ঞ দ্বারা আমার অর্চনা করণানন্তর যজ্ঞের সোমপান করিয়া থাকেন এবং সেই সোমপান করাতে পূতপাপ অর্থাৎ শোধিত কল্মষ হইয়া পবিত্র সুরলোক প্রাপ্ত হন, আরও সেই স্বর্গস্থ উৎকৃষ্ট দেব ভোগ্য বস্তু সকল উপভোগ করিয়া থাকেন সন্দেহ নাই।২০।

এবং ত্রয়ীধর্ম্মমনুপ্রপন্নাগতাগতং কামকামালভন্তে ।২১।
অনন্যাশ্চিন্তয়ন্তোমাং যে জনাঃ পর্য্যুপাসতে।

রামানুজ ভাষ্য।

মর্ত্যলোকং বিশন্তি এবত্রয্যন্ত সিদ্ধজ্ঞান বিধুরাঃ কাম্য স্বর্গাদিকামাঃ কেবলং ত্রয়ী ধর্ম্মমনু প্রপন্নাগতাগতং লভন্তে অস্থির স্বর্গাদীননুভূয়াবৃত্য পুনরাবর্ত্তন্তে ইত্যর্থঃ মহাত্মানস্ত্যনিরতিশয রূপং মচ্চিতনং কৃত্বামামনবধিকাতিশযানন্দং প্রাপ্য ন পুনরাবর্ত্তত ইতি ॥ ২১ ॥

তেষাং বিশেষ দর্শযতি। অনন্যাইতি। অনন্যা। অনন্য প্রয়োজনা-মচ্চিন্তেনেনবিনা। আত্ম ধারণাভাবাত্মচিন্তনৈক প্রয়োজনামাং চিন্তযন্তোপি

স্বামিকৃত টীকা।

ভোগ প্রাপকে পুণ্যে ক্ষীণে সতি মর্ত্ত্যলোকং বিশন্তি পুনরপ্যেবমেব বেদত্রযবিহিতং ধর্ম্মমনুগতাঃ কামকামাভোগান্ কামযমানাগতাগতং যাতায়াতং লভন্তে। ২১।

মদ্ভক্তাস্তু মৎপ্রসাদেন কৃতার্থাভবন্তীত্যাহ অনন্যাইতি। অনন্যানাস্তি মদ্ব্যতিরেকেনান্যং কামং যেষাং তে তথাভূতা যে জনানাঃ চিন্তযন্তঃ সেবন্তে তেষান্তু

মধুসূদন সরস্বতিকৃত টীকা।

বিস্তীর্ণং স্বর্গলোকং ভুক্তাতদ্ভোগজনকে পুণ্যে ক্ষীণে সতি তদ্দেহ নাশাৎ পুনর্দেহ গ্রহণায মর্ত্যলোকং বিশন্তি পুনর্গর্ভবাসাদি যাতনা অনুভবন্তীত্যর্থঃ। পুনরেবং উক্ত প্রকারেণহি প্রসিদ্ধার্থঃ ত্রৈধর্ম্ম্যং হোত্রাধ্বর্য্যবোদগাত্রযাহংজ্যোতিষ্টোমাদিকং কাম্যং কর্ম্ম ত্রয়ীধর্ম্ম-মিতি পাঠে পিত্রস্যাবেদত্রয়েণ প্রতিপাদিতং ধর্ম্ম মিতি সএবার্থঃ অনুপ্রপন্নাঃ অনাদৌ সংসারে পূর্ব্ব প্রতিপত্যপেক্ষযা অনুশব্দঃ পূর্ব্ব প্রতিপত্যনন্তরং মনুষ্য লোকমাগত্য পুনঃ প্রতিপন্নাঃ কাম কামানদিব্যা ভোগান্ কামযমানা এবং গতাগতং লভন্তে কর্ম্মকৃত্বা স্বর্গং যান্তি তত আগত্য পুনঃ কর্ম্মকুর্ব্বন্তি ইত্যেবং গর্ভবাসাদি যাতনা প্রবাহস্তেষামনিশ মনু-বর্ত্তত ইত্যভিপ্রাযঃ ॥ ২১ ॥

নিষ্কামাঃ সম্যগ্দর্শিনস্তু অন্যোভেদ দৃষ্টি বিষযোনবিদ্যতে যেষাংতেঽনন্যাঃ সর্ব্বাদ্বৈত

তদনন্তর সেই স্বর্গ কামীব্যক্তিগণ বিবিধরূপে মহানন্দে বিপুল স্বর্গসুখ ভোগ করিয়া সেই ভোগজনক পুণ্য ক্ষয় হইলে পুনরায় মর্ত্ত্য লোকে প্রবেশ করেন অর্থাৎ আবার মানব দেহ ধারণ করিতে হয়; ঐ প্রকারে তাঁহারা বেদত্রয় বিহিত কর্ম্মানুষ্ঠানপর ও ভোগাভিলাষী হইয়া গমনাগমন লাভ করিয়া থাকেন।২১।

তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহং। ২২।
যেঽপ্যন্যদেবতাভক্তাযজন্তে শ্রদ্ধযান্বিতাঃ।

রামানুজ ভাষ্য।

মহাত্মানোজনাঃ পর্য্যুপাসতে সর্ব্ব কল্যাণ গুণান্বিতং সর্ব্ব বিভূতিযুক্তং মাং পরিত উপাসতে। তেষাং নিত্যাভি যুক্তানামপি নিত্যাভিযোগং কাংক্ষমাণানামহং মৎপ্রাপ্তিং লক্ষণং যোগং। অপুনরাবৃত্তি লক্ষণং ক্ষেমঞ্চ-বহামি॥ ২২॥

যেপ্যন্যেতি যেত্বিন্দ্রাদি দেবতা ভক্তাঃ কেবলং তন্নিষ্ঠাঃ শ্রদ্ধযান্বিতাঃ

স্বামিকৃত টীকা।

নিত্যাভিযুক্তানাং সর্ব্বথা মদেকনিষ্ঠানাং যোগং ধনাদিলাভং ক্ষেমঞ্চ তৎপালনং, মোক্ষং বা, তৈরপ্রার্থিতমপি অহমেব বহামি প্রাপযামি। ২২।

নমু চ ত্বদ্ব্যতিরেকেন বস্তুতোদেবতান্তরস্যাভাবাদিন্দ্রাদিসেবিনোঽপি ত্বদ্ভক্তা-

মধুসূদন সরস্বতিকৃত টীকা।

দর্শিনঃ সর্ব্ব ভোগনিস্পৃহাঃ অহমেব ভগবান্ বাসুদেবঃ সর্ব্বাত্মানমদ্ব্যতিরিক্তং কিঞ্চিদস্তীতি জ্ঞত্বাতমেব প্রত্যঞ্চং সদা চিন্তযন্তোমাং নারায়ণ মাত্মত্বেন যেজনাঃ সাধনচতুষ্টয সম্পন্নাঃ সন্ন্যাসিনঃপরি সর্ব্বতোনবছিন্নতযাপশ্যন্তি তে মদনন্যতযাকৃতকৃত্যাএবেতি শেষঃ অদ্বৈত দর্শন নিষ্টানামত্যন্ত নিষ্কামানাং তেষাং স্বযমপ্রযতমানানাং যোগক্ষেমৌস্যাতামিত্যত আহ তেষাং নিত্যাভি যুক্তানাং নিত্য মনবরতমাদরেণ ধ্যানে ব্যাবৃতানাং দেহযাত্রামাত্রার্থ মধ্য প্রযতমানানাং যোগঞ্চ ক্ষেমঞ্চ অলব্ধস্যলাভং লব্ধস্য পরিরক্ষণংচ শরীরস্থিত্যর্থং যোগক্ষেমমকামযমানানামপিবহামি প্রাপযাম্যহং সর্ব্বেশ্বরঃ প্রিযোহি জ্ঞানিনোঽত্যর্থমহং সচমমপ্রিযঃ উদারাঃ সর্ব্বত্রৈবৈতে জ্ঞানীত্বাত্মৈব মেমতমিত্যুক্তং যদ্যপি সর্ব্বেষামেবযোগ ক্ষেমং বহতি ভগবান তথাপি অন্যেষাং প্রযত্ন মুৎপাদ্যতদ্বারবহতি জ্ঞানিনাং ত্বতদর্থং প্রযত্ন মনুৎপাদ্যবহতীতি বিশেষঃ॥ ২২॥

আর মদ্ভক্তগণ আমার কৃপাতেই কৃতার্থ হয়েন, অর্থাৎ যাঁহারা অনন্যচিত্তে (যাঁহাদের অন্তঃকরণে মদ্ব্যতিরেকে অন্য কোন কামনার বিষয় নাই) আমারে চিন্তাও উপাসনা করেন, আমি তৎসমস্ত মদেক নিষ্ঠ ব্যক্তিগণকে যোগ ক্ষেম প্রদান করি অর্থাৎ ধনাদিলাভ ও ধনাদিরক্ষা অথবা নির্ব্বাণ মুক্তি যদিও প্রার্থনা করেননা তথাপি সেই সমস্তই আমি সেই ভক্তগণকে প্রদান করিয়া থাকি।২২।

তেঽপি মামেব কৌন্তেয় যজন্ত্যবিধিপূর্ব্বকং ।২৩।

রামানুজ ভাষ্য।

ইন্দ্রাদীনযজন্তে তে পূর্ব্বোক্তেন ন্যায়েন সর্ব্বস্য মচ্ছরীরতয়া মদাত্মকত্বেনেন্দ্রাদি শব্দানাঞ্চ মদ্বাচ্যত্বাদ্বস্তুতোমামেবযজন্ত অপিত্ববিধি পূর্ব্বকং যজন্তে ইন্দ্রাদি দেবতারাধনবচনংহি কর্ম্ম স্বারাধ্য তথাবস্থিতানামিন্দ্রাদীনাং বিবুধানামাত্ম-ভূতস্য পরমপুরুষস্য সাক্ষাদারাধ্যত্বং বিদধাতি চতুর্হোতারো যত্র সম্পদং গচ্ছন্তি দেবৈরিতি চতুর্হোতার অগ্নি হোত্রদর্শপূর্ণমাদীনি কর্ম্মাণি কুর্ব্বাণাঃ যত্র পরমাত্মনি তত্ত দ্দেবতান্তর্যামি তথাবস্থিতে তচ্ছরীর ভূতেরিন্দ্রাদি দেবৈঃ সহ সম্পদে গচ্ছন্তীন্দ্রাদি দেবতামারাধনাস্তেতানি কর্ম্মাণি মদ্বিষয়াণীতিজ্ঞাত্বা কুর্ব্বাণামৎ সম্পদং গচ্ছন্তীত্যর্থঃ ॥ ২৩ ॥

স্বামিকৃত টীকা।

এবেতি কথং তে গতাগতং লভেরং তত্রাহ যেঽপীতি। শ্রদ্ধযোপেতাঃ সন্তো যে জনা অন্যদেবতাইন্দ্রাদিরূপাযজন্তে তেঽপি মামেব যজন্তীতি সত্যং কিন্তু অবিধিপূর্ব্বকং মোক্ষপ্রাপকং বিধিং বিনা যজন্তি অতস্তে পুনরাবর্ত্তন্তে। ২৩।

মধুসূদন সরস্বতিকৃত টীকা।

ননু অন্যা অপি দেবতাস্তমেবত্বদ্ব্যতিরিক্তস্যবস্তন্তরস্যাভাবাৎ তথাচ দেবতান্তর ভক্তা অপিত্বামেব ভজন্তইতিনকোপি বিশেষঃস্যাৎতেন গতাগতং কামকামাবস্তুরুদ্রাদিত্যাদি ভক্তা-লভন্তে অনন্যাশ্চিন্তযন্তো মাং তু কৃতকৃত্যাইতি কথমুক্তং তত্রাহযেপ্যন্যেতি যথা মদ্ভক্তা-মামেবযজন্তি তথাযেঽন্যদেবতানাং বস্বাদীনাং ভক্তাযজন্তেজোতিষ্টোমাদিভিঃ শ্রদ্ধয়া আস্তিক্য বুদ্ধ্যা অন্বিতাঃ তেপিমদ্ভক্তাইব হেকৌন্তেয় তত্তদ্দেবতা রূপেণস্থিতং মামেবযজন্তি পূজযন্তি অবিধি পূর্ব্বকং অবিধিরজ্ঞানং তৎ পূর্ব্বকং সর্ব্বাত্মত্বেন মামজ্ঞাত্বামদ্ভিন্নত্বেন বস্বাদীন কল্পযিত্বাযজন্তীত্যর্থঃ ॥ ২৩ ॥

হে কৌন্তেয়! যাহারা ভক্তি ও শ্রদ্ধা সহকারে অন্যান্য দেবতার আরাধনা করে তাহারা যদিও আমারই আরাধনা করে ইহা যথার্থ, তথাপি তাহারা অবিধি পূর্ব্বক অর্থাৎ মোক্ষ প্রদ যে বিধি তদন্যথায় আমারে পূজা করিয়া থাকে, সুতরাং তাহারা যে পুনরায় সংসার গতি প্রাপ্ত হইবে না, তাহার কারণ কিছুই নাই। ২৩।

অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ।
ন তু মামভিজানন্তি তত্ত্বেনাতশ্চ্যবন্তি তে ।২৪।
যান্তি দেবব্রতাদেবান্ পিতৄন্ যান্তি পিতৃব্রতাঃ।
ভূতানি যান্তি ভূতেজ্যাযান্তি মদ্‌যাজিনোঽপি মাং ২৫।

রামানুজ ভাষ্য।

অথৈব্রেবিষ্ণাইন্দ্রাদি শরীরস্য পরমপুরুষস্যারাধনান্যেতানি আরাধ্যঃ সএবেতিনস্তিতেচ পরিমিত ফলভাগিনশ্চ্যবন স্বভাবাশ্চ ভবন্তিতদাহ। অহংহীতি। প্রভুস্তত্র'তত্র ফল'প্রদাতা চাহমেবেত্যর্থঃ ॥ ২৪ ॥

স্বামিকৃত টীকা।

